* যজুর্ব্বেদী কামস্তুতি,—ওঁ দ্যৌস্ত্বা পৃথিবী দাদদাতু পৃথিবী ত্বা পরিগৃহ্লাতু ওঁ কোদাৎ কস্মা অদাৎ কামঃ কামায়াদাৎ কামো দাতা কামঃ প্রতিগ্রহীতা কামৈতত্তে তব কামশতাৎ ভুর্নজামহৈ। ঋগ্বেদীয় মন্ত্র,—সামবেদীয় মন্ত্রের অন্তে পড়িবে, ওঁ বৃষ্টিবসি দ্যৌস্তা পরিদদাতু পৃথিবী ত্বা পরিগৃহ্লাতু ॥

পক্ষাশ্চ যে কেচিৎ যে চান্যে পিতৃপক্ষজাঃ। গুরুশ্বশুর-বন্ধূনাং যে কুলে চ সমুদ্ভবাঃ। যে প্রেতভাবমাপন্না যে চান্যে শ্রাদ্ধবর্জ্জিতাঃ। ধেনূৎসর্গেণ তে সর্ব্বে লভন্তাং প্রীতি-মুত্তমাম্ ॥ ৩ ॥

ধেনুদানের দক্ষিণান্ত।—দক্ষিণা অর্চ্চনা করিয়া, অদ্যেত্যাদি—কৃতৈতৎ সালঙ্কৃতচন্দনাঙ্কিত সবৎসধেনু দানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণাং তৎ গোমূল্য কাঞ্চনমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং অমুক গোত্রায় শ্রীঅমুক দেবশর্ম্মণে আচার্য্যায় ব্রাহ্মণায় তুভ্যমহং সম্প্রদদানি। আচার্য্য ওঁ স্বস্তি বলিয়া, দক্ষিণা গ্রহণ করিবেন।

তৎপরে, বৃষোৎসর্গোক্ত (২১ পৃষ্ঠা হইতে ২৫ পৃষ্ঠা পর্য্যন্ত) স্নাভা শৌষ্ণী প্রভৃতি ও রুদ্রাধ্যায় ঋক্ চতুষ্টয় এবং বামদেব্য মন্ত্র লইয়া পঞ্চদশ সংখ্যায় লিখিত শ্রাব্য মন্ত্র সকল পাঠ করিবে।

পরে, হোতা ব্রতপ্রতিষ্ঠায় (ব্রতমালা ১ম ২৬ পৃঃ) লিখিত ক্রমে উদীচ্য কর্ম্ম করিবেন, সঙ্কল্পে,—অদ্যেত্যাদি—অমুক গোত্রায়াঃ প্রেতায়াঃ অমুক্যাঃ অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি অমুক

গোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ (যজমানের নামোল্লেখ করিয়া) সঙ্কল্পিত সোপকরণ চন্দনাঙ্কিত ধেনুদান কর্ম্মাঙ্গ-হোমকর্ম্মণি যদ্বৈগুণ্যং জাতং তদ্দোষপ্রশমনায় ব্যস্ত সমস্ত মহাব্যাহৃতিভিঃ প্রায়শ্চিত্ত-হোমমহং করিষ্যামি।

উদীচ্য কর্ম্মানন্তর যজমান বরণ দক্ষিণা করিয়া,—অদ্যেত্যাদি—কৃতৈতৎ—মৎসঙ্কল্পিত সোপকরণ-চন্দনাঙ্কিত-সবৎস-ধেনুদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং ইত্যাদি ক্রমে মূল দক্ষিণা করিয়া, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান এবং বিষ্ণুস্মরণ করিবেন।

দেবপ্রতিষ্ঠা ব্যবস্থাদি।

সুবর্ণ রজত তাম্র লৌহ পিত্তল পারদ কিম্বা কাংস্যাদি ধাতু বা মিশ্রিতধাতুময়ী এবং কাষ্ঠ প্রস্তরময়ী রত্ন কিম্বা শঙ্খময়ী প্রতিমা স্থিরতর প্রতিষ্ঠা করিবে, মৃণ্ময়ী প্রতিমা প্রতিষ্ঠা করিয়াও রাখা যায়। মৃণ্ময়ী প্রতিমা স্থলে দুর্গোৎসবাদির ন্যায় দর্পণাদিতে স্নানাদি করাইতে হয়। কাষ্ঠময়ী প্রতিমা মধ্যে নিম্ব বিল্ব প্রভৃতি যজ্ঞীয় কাষ্ঠই প্রশস্ত।

অঙ্গুষ্ঠ প্রমাণ হইতে এক বিঘত (দ্বাদশাঙ্গুলি) পর্য্যন্ত প্রতিমা নিজগৃহে নিত্যপূজার জন্য রাখিতে পারে কিন্তু ইহার অধিক বৃহৎ প্রতিমা অন্যত্র প্রাসাদ মন্দির প্রভৃতি স্থানে রাখা আবশ্যক।

গৃহভিত্তিতে অঙ্কিত দেবমূর্ত্তিতে, পটে এবং নারায়ণ চক্রে ও ঘটাদিতে প্রায় সকল দেবতারই পূজা করা যায় (হিন্দু-সৎকর্ম্মমালা ১০৫ পৃষ্ঠায় ৬ সংখ্যক ব্যবস্থা দেখ)।

শিবলিঙ্গ মণি মুক্তা প্রবালাদি রত্ন, স্ফাটিক বা পার্থিবাদি লিঙ্গই প্রশস্ত কিম্বা যে মূর্ত্তি মনের সন্তোষ জনক হয় উহাই প্রশস্ত। বাণলিঙ্গে প্রাণপ্রতিষ্ঠা আবাহন বিসর্জ্জনাদি নাই, উহা অনাদিলিঙ্গ সকল জাতীয় হিন্দু স্ত্রী পুরুষ সাধারণের পূজ্য।

চিন্ময় অদ্বিতীয় সংজ্ঞারহিত নিরাকার ঈশ্বরের আকার কল্পনা কেবল স্থূলধী উপাসকদিগের সুবিধার জন্য (সৎকর্ম্মমালা ষষ্ঠভাগে প্রতিমা পূজাদি প্রস্তাব দেখ)।

শুক্লকালে উত্তরায়ণ ও শুক্লপক্ষে দ্বিতয়া তৃতীয়া পঞ্চমী সপ্তমী অষ্টমী দশমী ত্রয়োদশী ও পৌর্ণমাসী তিথিতে এবং যুগাদ্যা অয়ন ও বিষুব সংক্রান্তি চতুষ্টয়ে কিম্বা গ্রহণ বা পুণ্যদিনে অথবা যে দেবতার যে তিথি তত্তত্তিথিতে তত্তদ্দেবতা প্রতিষ্ঠা প্রশস্ত।

মহিষাসুরঘাতিনী মূর্ত্তির দক্ষিণায়নেও প্রতিষ্ঠা হইতে পারে, যে দেবতার প্রতিষ্ঠার যে কাল সেই দেবতার গৃহারম্ভও সেই কালে হইতে পারে। বিশেষ দিনাদির বিবরণ পঞ্জিকায় দেখিলেই হইবে।

যে ব্যক্তি শূদ্র সংস্পৃষ্ট (বাণলিঙ্গ ভিন্ন) শিবলিঙ্গ বা (শালগ্রাম ব্যতীত) বিষ্ণুমূর্ত্তিকে নমস্কার করে সে ব্যক্তি সর্ব্বযাতনা ভোগী হয়। স্ত্রীলোক অনুপনীত বালক এবং শূদ্র ইহারা প্রতিষ্ঠিত মূর্ত্তি স্পর্শ করিবে না।

যম বলিয়াছেন, যে ব্যক্তি যে দেবতার প্রতিষ্ঠা করিবে, অন্তিমে তত্তল্লোকে গতি হইবে।

দেবগৃহের দশদিকে দশদিক্ পালের জন্য, দশটী পতাকা দিবার প্রমাণ আছে, উহার বস্ত্র চারি অঙ্গুলি বিস্তার ও দুই হস্ত দীর্ঘ হইবে এবং ধ্বজার দণ্ড পাঁচ হাত দীর্ঘ হইবে। ৪২

দেবপ্রতিষ্ঠা প্রয়োগঃ †।

যজমান নিত্যক্রিয়া সমাধাপূর্ব্বক গণেশাদিকে গন্ধপুষ্প দিয়া,—সর্ব্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং

---

† অত্যন্ত অসমর্থ পক্ষে দেবপ্রতিষ্ঠাঙ্গক বৃদ্ধি শ্রাদ্ধ এবং হোম না করিয়াও প্রতিষ্ঠা হইতে পারে,

বরদং শুভং। নারায়ণংনমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ॥ এই মন্ত্রে বিষ্ণুর বন্দনা করিয়া, স্বস্তিবাচন করিবেন,—কর্ত্তব্যোঽস্মিন্ অমুক দেবপ্রতিষ্ঠা কর্ম্মণি পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ৩। এই ক্রমে ঋদ্ধি ও স্বস্তিবাচন পূর্ব্বক সংকল্প করিবে।

কুশ তিল জল তুলসী গন্ধপুষ্প হরিতকী ও অক্ষত তাম্রপাত্রে লইয়া, উত্তরাস্য হইয়া, বীরাসনে বসিয়া বলিবে,—বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ

ভবিষ্য পুরাণ ও বিষ্ণুধর্ম্মোত্তর গ্রন্থে ইহার প্রমাণ আছে। সমর্থ পক্ষে বিশিষ্ট দ্রব্য ও উচিত দক্ষিণা দিতে হইবে। এস্থলে প্রায় প্রতিনিধি দ্বারা শ্রাদ্ধ করা হয়।

যদি একদিবসেই দেবপ্রতিষ্ঠা বাস্তুযাগ গৃহপ্রতিষ্ঠা করিতে হয় তাহা হইলে সর্ব্বকার্য্য নিমিত্তক একবার মাত্র বৃদ্ধিশ্রাদ্ধ করিয়া, ঐ সকল কার্য্যের যথাক্রমে সংকল্প করিবে।

এক অগ্নিতে নানাবিধ কার্য্যের হোম করিতে হইলে বহুসংস্কার কর্ম্মের ন্যায় (বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকা একবার করিয়া) অগ্নির নাম করণ আবাহনাদি পৃথক্ পৃথক্ করিতে হয়।

অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীবিষ্ণু প্রীতিকামোঽস্যাং প্রতিমায়াং অমুক দেবতা প্রতিষ্ঠামহং করিষ্যে। সঙ্কল্প সূক্ত পড়িয়া, * বৃদ্ধিশ্রাদ্ধ করিবে।

বরণ।—বৃদ্ধিশ্রাদ্ধানন্তর কর্ত্তা ব্রহ্মা আচার্য্য এবং তন্ত্রধারক ও সদস্যকে বরণ করিবেন, যথা,—ওঁ সাধুভবানাস্তাং ইত্যাদি ক্রমে অর্চ্চনা করিয়া,—অদ্যেত্যাদি মৎসংকল্পিত অমুক দেবপ্রতিষ্ঠা কর্ম্মণি আচার্য্য কর্ম্ম করণায় অমুক গোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণমভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। পুরোহিত—'ওঁ বৃতোঽস্মি'।

পরে, আচার্য্য প্রতিষ্ঠিত মণ্ডপে বা তৎসমীপে স্থানান্তরে পীঠাদি আসনে দেববিগ্রহকে

---

* মঠ (দেবগৃহ) প্রতিষ্ঠা ও বাস্তুযাগ পূর্ব্বে না হইয়া থাকিলে এই সময় উহারও সংকল্প করিয়া, তিন কর্ম্ম নিমিত্তক একই আভ্যুদয়িক করিতে হইবে। স্থান বিশেষে সুবিধার জন্য প্রতিনিধি হইয়া পুরোহিত এই আভ্যুদয়িক করিয়া থাকেন আভ্যুদয়িক না হইলে প্রকৃত কর্ম্মারম্ভ হয় না (আভ্যুদয়িক শ্রাদ্ধ তৃতীয় ভাগ সৎকর্ম্মমালায় দেখ)।

স্থাপন করিয়া, তৎসন্নিহিত অষ্টদল পদ্মে স্থাপিত শালগ্রাম শিলায় বা ঘটাদিতে,--গণেশ, নবগ্রহ ও ইন্দ্রাদি দশদিক্‌পালের পূজা করিয়া, সপরিবার বিষ্ণু ও লক্ষ্মীর পূজা করিবে।

তৎপরে, পীঠাসনস্থ দেবতাকে আবাহন পূর্ব্বক অর্ঘ্য দিয়া, পঞ্চোপচারে সপরিবার দেবতার পূজা করিয়া, বিহিতদ্রব্য দ্বারা যথাক্রমে স্নান করাইবে। স্নানীয় দ্রব্যের পরিমাণ সর্ব্বত্র সাড়ে চারিসের হইবে।

সাড়ে চারিসের জলে সাড়ে চারিসের পরিমাণ বল্মীকমৃত্তিকা (রুই মাটী) মিশাইয়া, বিগ্রহের স্নান করাইবে, মন্ত্রযথা,—ওঁ বিষ্ণবে নমঃ বিষ্ণুং বল্মীক মৃত্তিকয়া স্নাপয়ামি * । ১ ।

---

* দেবতার বিশেষ মন্ত্র না থাকিলে সপ্রণব গায়ত্রী পাঠ করিয়া কিম্বা দেবতার বৈদিক বা তান্ত্রিক মূলমন্ত্র অথবা প্রণবাদি নমস্কারান্ত চতুর্থ্যন্ত দেবতার নাম যথা—ওঁ ষষ্ঠ্যৈ নমঃ, ইত্যাদি মন্ত্রে স্নান করাইবে।

(সর্ব্বত্র এক স্নানানন্তর অন্য স্নানাবন্তে অর্ঘ্য প্রদান পূর্ব্বক গন্ধ পুষ্প ধূপ দীপ এবং নৈবেদ্য দান রূপ পঞ্চোপচারে পূজা আবশ্যক)। পুনশ্চ অর্ঘ্যাদি দিয়া, সাড়ে চারিসের গোময় দ্বারা স্নান করাইবে, মন্ত্র,—গায়ত্রী পাঠ করিয়া বা 'ওঁ বিষ্ণবে নমঃ বিষ্ণুং গোময়েন স্নাপয়ামি। ২। পুনশ্চ অর্ঘ্য ও গন্ধপুষ্পাদি দিয়া, পূর্ব্বোক্ত পবিমাণ শুষ্ক গোময় ভস্ম দ্বারা স্নান করাইবে। ৩। পুনর্ব্বার অর্ঘ্যাদি দিয়া, পূর্ব্ববৎ গন্ধদ্রব্য মিশ্রিত জলদ্বাবা স্নান করাইবে, বিশেষ মন্ত্র যথা,—ওঁ এতোন্বিন্দ্রং স্তবাম শুদ্ধং শুদ্ধেন সাম্না শুদ্ধৈরুকৈথ-র্বাবৃদ্ধাংসং শুদ্ধৈরাশীর্বান মত্ত। ইন্দ্রঃশুদ্ধো ন আগহি শুদ্ধঃ শুদ্ধাভিরুতিভিঃ শুদ্ধো রয়িং নিধারয় শুদ্ধো মমদ্ধি সৌম্য॥ ওঁ ইন্দ্রঃ শুদ্ধো হি নো রয়িং শুদ্ধো রত্নানি দাশুষে। শুদ্ধো বৃত্রাণি জিঘ্ন শুদ্ধো হি রাজং নিযামসি॥ ৪॥

কৃতাঞ্জলি পুটে বলিবে,—ওঁ নমস্তেঽর্চ্চে সুরেশানি প্রণীতে বিশ্বকর্ম্মণা প্রভাবিতা-শেষ-জগৎ ধাত্রি তুভ্যং নমো নমঃ। ত্বয়ি সংপূজয়ামীশে নারায়ণমনাময়ং *। রহিতা

* শিব প্রতিমায় 'মহাদেবমনাময়ং' দুর্গাপ্রতিমায় 'কাত্যায়নীমনাময়ীং' ইত্যাদি উহ হইবে।

শিল্পদোষৈস্তু ঋদ্ধিযুক্তা সদা ভব। এই মন্ত্রটী তিনবার পাঠ করিয়া প্রতিমাকে অবগত করাইবে।

[কর্ত্তার অসমর্থবিধায় অন্য দ্রব্যাদির অভাবে মাত্র এই পর্য্যন্ত স্নানানুষ্ঠান করিলেই হইবে, সমর্থপক্ষে পশ্চাল্লিখিত দ্রব্যাদির (সাড়ে চারিসের পরিমাণ) দ্বারা যথাক্রমে স্নান করাইবে (কোন দ্রব্যের অভাবে কাঞ্চন বা হরিতাল প্রতিনিধিরূপে গ্রাহ্য হইতে পারে]।

পুনশ্চ পূর্ব্ববৎ অর্ঘ্যাদিয়া পঞ্চোপচারে পূজা করিয়া, পশ্চাল্লি'খতদ্রব্য দ্বারা যথাক্রমে স্নান করাইবে। পূর্ব্বোক্ত সাড়ে চারিসের পরিমাণ নদী, নদ, সাগর, নির্ঝর, মেঘমুক্ত বৃষ্টিজল, এই পঞ্চবিধ জল (প্রত্যেকে সাড়ে চারিসের) দ্বারা। ৯। দধি দুগ্ধ ঘৃত শর্করা ও মধু'মি'শ্রত রূপ পঞ্চামৃত দ্বারা। ১০। কুশোদক সহিত গোময় গো'মূত্র দধি দুগ্ধ ঘৃত রূপ পঞ্চগব্য গায়ত্রী পড়িয়া আলোড়ন করিয়া উহাদ্বারা। ১১। গজদন্ত, পর্ব্বত, অশ্বখুরস্পৃষ্ট, কুশমূল ও বল্মীক এই পঞ্চবিধ মৃত্তিকা সংস্পৃষ্ট জল। ১৬। তিলতৈল। ১৭। ঘৃত। ১৮। পঞ্চকষায়োদক *। ১৯। পঞ্চপুষ্প যুক্তজল যথা.—চম্পক যুক্ত জল †। ২০। আম্রমুকুল যুক্ত জল। ২১।

* জম্বু শাল্মলি বাট্যালং (বেড়েলা) বদরং বকুলং তথা। এতেষাং বল্কলরসঃ কষায়ঃ পরিকীর্ত্তিতঃ।

† সর্ব্বত্র দ্রব্য ও জল সাড়ে চারিসের পরিমাণ, পঞ্চামৃত ও পঞ্চগব্য মিশ্রিত সাড়ে চারিসের হইবে।

শমী (সাই) পুষ্প যুক্ত জল। ২২। পদ্ম বা পুন্নাগপুষ্প যুক্ত জল। ২৩। করবীর পুষ্পযুক্ত জল। ২৪। তিনপত্র মিশ্রিত জল যথা,—তুলসী যুক্ত জল। ২৫। কুন্দপত্র মিশ্রিত জল। ২৬। বিল্বপত্র মিশ্রিত জল। ২৭।

তৎপরে, শালি যব গোধূম চূর্ণ তিলকল্ক (তিলের খইল) বিল্বপত্রচূর্ণ বা আমলক চূর্ণ এই সকল দ্রব্যের মধ্যে যে কোন একটী পূর্ব্বোক্ত পরিমাণ চূর্ণ দ্বারা বিগ্রহের অঙ্গমক্ষণ করিবে। ২৮। পরে, সাড়ে চারিসের উষ্ণ বারি দ্বারা প্রক্ষালন ও তীর্থোদকদ্বারা স্নান করাইবে। ৩০। তৎপরে, অষ্টোত্তর শত বা চতুঃপঞ্চাশৎ কিম্বা বিংশতি অথবা একটী কুম্ভে পূর্ব্বোক্ত পরিমাণ জল লইয়া স্নান করাইবে, মন্ত্র যথা,—

ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যাং হস্তমাদদে। ৩১।

স্নান সমাপনানন্তর নৃত্য গীত বাদ্যাদির উৎসব করিবে। পরে, পুষ্প ও আতপ তণ্ডুল এবং কুশা দেবতার মস্তকে দিয়া, উহার উপর হস্ত রাখিয়া দেবতার মূলমন্ত্র অষ্টোত্তর শতবার জপ করিয়া মূলমন্ত্র পড়িয়া দেবতার মস্তক হইতে পীঠাসন পর্য্যন্ত স্পর্শ করিবে।

পরে, দেবতাঙ্গে (যথালিখিতস্থান স্পর্শ করিতে করিতে) যথাসম্ভব মাতৃকা ন্যাস তত্ত্বন্যাস ও

মন্ত্রন্যাস করিবে। মাতৃকা ন্যাস যথা—অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ। ইং ছং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা॥ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্। এং তং থং দং ধং নং ঐং কবচায় হুং॥ ওঁ পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্। অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্॥ পুষ্প লইয়া,—শিরসি অং নমঃ (এই ক্রমে) মুখে আং, দক্ষিণনেত্রে ইং, বামনেত্রে ঈং, দক্ষিণকর্ণে উং, বামকর্ণে ঊং, দক্ষিণনাসাপুটে ঋং, বামনাসাপুটে ৠং, দক্ষিণগণ্ডে ঌং, বামগণ্ডে ৡং, ওষ্ঠে এং, অধরে ঐং, ঊর্দ্ধদন্তে ওং, অধোদন্তে ঔং, শিরসি অং, মুখে অঃ। দক্ষিণ বাহুমূলে কং কূর্পরে (বাহুমধ্যস্থলে) খং, করমূলে গং, অঙ্গুলিমূলে ঘং, অঙ্গুল্যগ্রে ঙং। বামবাহুমূলে চং, কূর্পরে ছং, করমূলে জং, অঙ্গুলিমূলে ঝং অঙ্গুল্যগ্রে ঞং। দক্ষিণোরুমূলে টং, জানুনি ঠং, গুল্‌ফে ডং, অঙ্গুলিমূলে ঢং, অঙ্গুল্যগ্রে ণং। বামোরুমূলে তং, জানুনি থং, গুল্‌ফে দং, অঙ্গুলিমূলে ধং অঙ্গুল্যগ্রে নং॥ দক্ষিণপার্শ্বে পং বামপার্শ্বে ফং, পৃষ্ঠে বং, নাভৌ ভং, উদরে মং। হৃদি যং, দক্ষিণ স্কন্ধে রং, ককুদি লং, বামস্কন্ধে বং, শং হৃদাদি দক্ষিণকরাগ্র

পর্য্যন্তং। ষং হৃদাদি বামকরাগ্র পর্য্যন্তং, সং হৃদাদি দক্ষিণপাদান্তং, হং হৃদাদি বামপাদান্তং, লং হৃদাদ্যুদরান্তং, ক্ষং হৃদাদি মুখান্তং॥

বিষ্ণুবিষয়ে তত্ত্বন্যাসঃ।—সর্ব্বশরীরে,—মং নমঃ পরায় জীবতত্ত্বাত্মনে নমঃ। ভং নমঃ পরায় প্রাণতত্ত্বাত্মনে নমঃ॥ হৃদি,—'বং নমঃ পরায় বুদ্ধিতত্ত্বাত্মনে নমঃ॥ ফং নমঃ পরায় অহঙ্কারতত্ত্বাত্মনে নমঃ। পং নমঃ পরায় মনস্তত্ত্বাত্মনে নমঃ॥ মূর্দ্ধনি,—নং নমঃ পরায় শব্দতত্ত্বাত্মনে নমঃ। মুখে—ধং নমঃ পরায় স্পর্শতত্ত্বাত্মনে নমঃ। হৃদি দং নমঃ পরায় রূপতত্ত্বাত্মনে নমঃ। গুল্‌ফে (গুহ্যে) থং নমঃ পরায় রসতত্ত্বাত্মনে নমঃ। জঙ্ঘয়োঃ তং নমঃ পরায় গন্ধতত্ত্বাত্মনে নমঃ। শ্রোত্রে—ণং নমঃ পরায় শ্রোত্রতত্ত্বাত্মনে নমঃ। ত্বচি—ঢং নমঃ পরায় ত্বক্‌তত্ত্বাত্মনে নমঃ। চক্ষুষোঃ—ডং নমঃ পরায় চক্ষুস্তত্ত্বাত্মনে নমঃ। জিহ্বায়াং—ঠং নমঃ পরায় জিহ্বাতত্ত্বাত্মনে নমঃ। নসি—টং নমঃ পরায় নাসিকাতত্ত্বাত্মনে নমঃ। মুখে—ঞং নমঃ পরায় বাক্‌তত্ত্বাত্মনে নমঃ। হস্তয়োঃ—ঝং নমঃ পরায় হস্ততত্ত্বাত্মনে নমঃ। পাদয়োঃ—জং নমঃ পরায় পাদতত্ত্বাত্মনে নমঃ। গুহ্যে ছং

নমঃ পরায় গুহ্যতত্ত্বাত্মনে নমঃ। উপস্থে চং—নমঃ পরায় উপস্থ তত্ত্বাত্মনে নমঃ। মূর্দ্ধনি—ঙং নমঃ পরায় আকাশতত্ত্বাত্মনে নমঃ। মুখে—ঘং নমঃ পরায় বায়ুতত্ত্বাত্মনে নমঃ। হৃদি—গং নমঃ পরায় তেজস্তত্ত্বাত্মনে নমঃ। লিঙ্গে—খং নমঃ পরায় জলতত্ত্বাত্মনে নমঃ। পাদয়োঃ—কং নমঃ পরায় পৃথ্বীতত্ত্বাত্মনে নমঃ। হৃদি—লং নমঃ পরায় পুণ্ডরীকাক্ষতত্ত্বাত্মনে নমঃ। হং নমঃ পরায় দ্বাদশকলাব্যাপ্তসূর্য্যমণ্ডলতত্ত্বাত্মনে নমঃ। সং নমঃ পরায় ষোড়শ কলাব্যাপ্ত-চন্দ্রমণ্ডলতত্ত্বাত্মনে নমঃ। ষং নমঃ পরায় দশকলাব্যাপ্তবহ্নিমণ্ডলব্যাপ্ত তত্ত্বাত্মনে নমঃ। মূর্দ্ধ্নি—শং নমঃ পরায় বাসুদেবায় পরমেষ্ঠিতত্ত্বাত্মনে নমঃ। মুখে—বং নমঃ পরায় সঙ্কর্ষণায় পুংতত্ত্বাত্মনে নমঃ। হৃদি লং নমঃ পরায় প্রদ্যুম্নায় বিশ্বতত্ত্বাত্মনে নমঃ। লিঙ্গে—রং নমঃ পরায়ানিরুদ্ধতত্ত্বাত্মনে নমঃ। পাদয়োঃ—যং নমঃ পরায় নারায়ণায় সর্ব্বতত্ত্বাত্মনে নমঃ। সর্ব্বগাত্রে—ক্ষং নমঃ পরায় নৃসিংহায় কোপতত্ত্বাত্মনে নমঃ॥

প্রণবাদি দ্বাদশাক্ষর মন্ত্রবর্ণ ন্যাস। মূর্দ্ধ্নি—ওঁ নমঃ। কপালে—নং নমঃ। উদরে—মোং নমঃ (চক্ষুষোঃ মোং নমঃ)। মুখে—ভং নমঃ। গলে—গং নমঃ। হস্তয়োঃ—বং

নমঃ। হৃদি—তেং নমঃ॥ কুক্ষৌ—বাং নমঃ। নাভৌ—সুং নমঃ। লিঙ্গে দেং নমঃ। জানুদ্বয়ে—বাং নমঃ। পাদদ্বয়ে—য়ং নমঃ॥

দশাক্ষর মন্ত্র বর্ণন্যাস যথা,—মধ্যমাঙ্গুলি দ্বারা,—মূর্দ্ধনি—গোং নমঃ। তর্জ্জনী ও মধ্যমা দ্বারা,—চক্ষুর্দ্বয়ে—পীং নমঃ। অঙ্গুষ্ঠভিন্ন অঙ্গুলি চতুষ্টয় দ্বারা,—কর্ণদ্বয়ে—জং নমঃ। অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা,—ঘ্রাণে—নং নমঃ। পঞ্চাঙ্গুলিদ্বারা,—বদনে—বং নমঃ। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা,—হৃদি লং নমঃ। অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা,—নাভিতে—ভাং নমঃ। অঙ্গুষ্ঠ ভিন্ন অঙ্গুলি চতুষ্টয় দ্বারা—লিঙ্গে—য়ং নমঃ। অঙ্গুষ্ঠ রহিত অঙ্গুলিদ্বারা, জানুদ্বয়ে—স্বাং নমঃ। পঞ্চাঙ্গুলিদ্বারা, পাদদ্বয়ে—হাং নম। (গোপালের মূর্ত্তিভেদে ও মন্ত্র বিশেষে সেই মন্ত্রের এই প্রকার বর্ণ ন্যাস হইবে)

শিবের মন্ত্র ন্যাস * যথা,...মূর্দ্ধ্নি—ওঁ নমঃ। কপালে...নং নমঃ। উদরে..মং নমঃ। দক্ষিণাংশে শিং নমঃ। বামাংশে...বাং নমঃ। হৃদি...য়ং নমঃ।

---

* শিবের মূর্ত্তিভেদে মন্ত্র বিশেষ থাকিলে সেই মন্ত্রের বর্ণন্যাস করিতে হইবে। দুর্গা প্রভৃতি মূর্ত্তিতে

পূজা *।

যথাশক্তি ষোড়শোপচারাদি দ্বারা দেবতার পূজা করিতে হইবে। স্থিরাসনে বসিয়া, প্রাণায়াম. অঙ্গন্যাস ও করন্যাস করিয়া, আবাহন করিবে, যথা,—ওঁ আত্মসংস্থমজং শুদ্ধং ত্বামহং পরমেশ্বর। আরণ্যাদিকভূতাংশমূর্ত্তা-বাবাহয়াম্যহং॥ বিষ্ণো (সম্বোধনান্ত দেবতা নাম করিয়া) ইহাগচ্ছ। ১। ওঁ তবেয়ং মহিমা মূর্ত্তি-স্তস্যাং ত্বাং সর্ব্বগং বিভো। ভক্তিস্নেহ সমাকৃষ্টং দীপবৎ স্থাপয়াম্যহং। বিষ্ণো ইহ তিষ্ঠ। ২। চতুরঙ্গুল পরিমিত রজতাসন

সেই সেই মন্ত্রে বর্ণন্যাস লিখিত থাকিলে এই প্রকারে হইবে। যে দেবতার মন্ত্রের বর্ণন্যাস কথিত নাই সেই দেবতার কেবল মূলমন্ত্র সমস্ত ঐ দেবতার মস্তকে ন্যাস করিবে, অর্থাৎ যেমন "দুর্গে দুর্গে রক্ষাণি স্বাহা" এই জয়দুর্গা মন্ত্রে বর্ণন্যাস বিশেষ না থাকায় ঐ মন্ত্র ঐ দেবতার মস্তকে আট বা অষ্টাবিংশতি বার জপ করিবে।

* সর্ব্বত্র পূজার কোন উপচারের অভাব হইলে জলদ্বারা তদভাবে ভাবনা দ্বারা উহা পূরণ করিয়া লইলেও হয়।

জলপ্রোক্ষণপূর্ব্বক লইয়া,—ওঁ সর্ব্বান্তর্য্যামিনে দেব সর্ব্ববীজময়ং ততম্। আত্মস্থায় পরং শুদ্ধমাসনং কল্পয়াম্যহং। ৩। বং মন্ত্রে আসন প্রোক্ষণ পূর্ব্বক মূলমন্ত্র উচ্চারণ করিয়া, প্রণবাদি নমোঽন্ত দেবতার নাম উল্লেখ করিয়া, (অর্থাৎ পূজার মন্ত্রে) দিবে, এবং ঐ আসনেই আবাহন করিবে,—ওঁ অস্মিন্ দেবাসনে দেব সুখাসীনোঽক্ষরাত্মনা। প্রতিষ্ঠিতো ভবেতি ত্বং প্রসীদ পরমেশ্বর। সম্বোধনান্ত দেবতা নামোচ্চারণ পূর্ব্বক "ইহ সুপ্রতিষ্ঠিতো ভব" বলিবে॥ ওঁ অনন্যা তব দেবেশ মূর্ত্তিঃ শক্তিরিয়ং প্রভো। সান্নিধ্যং কুরু অস্যাং ত্বং ভক্তানুগ্রহতৎপরঃ। ইহ সন্নিধেহি॥ ওঁ মুদিতো ভব দেবেশ কৃপাম্ভোধে গুণাম্বুধে। আত্মানন্দৈকতৃপ্ত ত্বং নিরুণৎসি জগদ্গুরো। ইহ সন্নিরুদ্ধস্ব॥ ওঁ অজ্ঞানাদ্ধর্ম্মবস্তূনাং বৈকল্যাৎ সাধকস্য চ। যদপূর্ণং ভবেৎ কৃত্যং তদপ্যভিমুখো ভব। সংমুখীকরণ মুদ্রা দেখাইয়া 'সংমুখী ভব' বলিবে।

ওঁ দৃশা পীযূষবর্ষিণ্যা পূরয়ন্ যজ্ঞবিস্তরং॥ মূর্ত্তাবাযজ্ঞসংপূর্ত্তেঃ স্থিরোভব মহেশ্বর॥ 'স্থিরোভব' প্রার্থনা করিবে। দেবতাঙ্গে ষড়ঙ্গ স্থাপন (অঙ্গন্যাস) করিবে, যথা,—

(বিষ্ণু বিষয়ে) ওঁ আং হৃদয়ায় নমঃ, ওঁ ঈং শিরসে স্বাহা, ওঁ উং শিখায়ৈ বষট্, ওঁ ঐঁ কবচায় হুং, ওঁ ঔং নেত্রাভ্যাং বৌষট্, ওঁ অঃ অস্ত্রায় ফট্ *। নেত্রব্যতীত পঞ্চাঙ্গ ন্যাস, যথা, ওঁ আচক্রায় স্বাহা হৃদয়ায় নমঃ। ওঁ বিচক্রায় স্বাহা শিরসে স্বাহা। ওঁ সুচক্রায় স্বাহা শিখায়ৈ বষট্। ওঁ ত্রৈলোক্যরক্ষণচক্রায় স্বাহা কবচায় হুং। ওঁ অসুরান্তক চক্রায় স্বাহা অস্ত্রায় ফট্ (গোপাল মন্ত্রেও এইরূপ)।

ওঁ অভক্ত-বাঙমনশ্চক্ষুঃ শ্রোত্র-দূরামিতদ্যুতে। স্বতেজঃপঞ্জরেণাশু বেষ্টিতো ভব সর্ব্বতঃ॥ এই মন্ত্রে অঙ্গুষ্ঠ তর্জ্জনী দ্বারা অবগুণ্ঠন মুদ্রা দেখাইয়া, ধেনুমুদ্রা দেখাইবে,... ওঁ যস্য দর্শনমিচ্ছন্তি দেবাঃ স্বাভীষ্টসিদ্ধয়ে। তস্মৈ তে পরমেশায় স্বাগতং স্বাগতঞ্চ মে॥

---

* দশাক্ষর গোপাল মন্ত্রেও ঐ প্রকার প্রণব দ্বারা ষড়ঙ্গন্যাস হইবে। শিবের ষড়ঙ্গন্যাস যথা,—ওঁ হৃদয়ায় নমঃ, নং শিরসে স্বাহা, মং শিখায়ৈ বষট্, শিং কবচায় হুং, বাং নেত্রত্রয়ায় বৌষট্, য়ং করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। অন্যান্য দেবতার মন্ত্রেও এই প্রকার হইবে।

কৃতার্থোঽনুগৃহীতোঽস্মি সফলং জীবিতং মম। অগ্রতো দেবদেবেশ সুস্বাগতমিদং বপুঃ॥ ওঁ বিষ্ণোঃ স্বাগতং। ২। ওঁ যদ্ভক্তিলেশসম্পর্কাৎ পরমানন্দসম্ভবঃ। তস্মৈ তে চরণাব্জায় পাদ্যং শুদ্ধায় কল্পয়ে॥

শ্যামাক (শ্যামাঘাস) দূর্ব্বা পদ্ম শ্বেত অপরাজিতা যুক্ত জল লইয়া, বং পাদ্যায় নমঃ, অর্চ্চনাপূর্ব্বক—এতৎ পাদ্যং মূল মন্ত্র উচ্চারণ করিয়া প্রণবাদি নমোঽন্ত মন্ত্রে দিবে, (যথা,—ওঁ বিষ্ণবে নমঃ)॥ ৩॥ গন্ধ-পুষ্প অক্ষত যব কুশাগ্র তিল শ্বেতসর্ষপ দূর্ব্বা ও জল মিশ্রিত অর্ঘ্য সংগ্রহ পূর্ব্বক পড়িবে,—ওঁ তাপত্রয়হরং দিব্যং পরমানন্দলক্ষণং। তাপত্রয়বিনির্ম্মুক্তং তবার্ঘ্যং কল্পয়াম্যহং। অর্ঘ্য অর্চ্চনাপূর্ব্বক পূজামন্ত্রে দিবে। ৪। জাতী লবঙ্গ কঙ্কোল চূর্ণযুক্ত আচমনীয় জল লইয়া,—ওঁ বেদানামপি বেদায় দেবানাং দেবতাত্মনে। আচামং কল্পয়ামীশ শুদ্ধানাং শুদ্ধিহেতবে। ইদমাচমনীয়ং পূর্ব্ববৎ দিবে। ৫। কাংস্যস্থ ও কাংস্য-পাত্রাচ্ছাদিত দধি মধু ঘৃত মিশ্রিত মধুপর্ক লইয়া,—ওঁ সর্ব্বকল্মষ-হীনায় পরিপূর্ণসুখাত্মনে। মধুপর্কমিদং দেব কল্পয়ামি প্রসীদ মে। এষ মধুপর্কঃ। ৬। আচমনীয় লইয়া

ওঁ উচ্ছিষ্টোঽপ্যশুচির্ব্বাপি যস্য দর্শনমাত্রতঃ॥ শুদ্ধিমাপ্নোতি তস্মৈ তে পুনরাচমনীয়কং॥ ইদমাচমনীয়ং। ৭। সুগন্ধিতৈল লইয়া,—ওঁ স্নেহং গৃহাণ স্নেহেন লোকানাং হিতকারক। সর্ব্বলোকেষু শুদ্ধাত্মন্ দদামি স্নেহমুত্তমং। সাড়ে চারিসের স্নানীয় জল লইয়া,—ওঁ পরমানন্দবোধাব্ধি-নিমগ্ননিজমূর্ত্তয়ে। সাঙ্গোপাঙ্গমিদং স্নানং কল্পয়াম্যহ-মীশ তে। ইদং স্নানীয়ং। ৮। অর্ঘ্যজলপ্রোক্ষিত বস্ত্র লইয়া,—ওঁ মায়াচিত্রপটচ্ছন্ননিজগুহ্যোরুতেজসে। নিরাবরণবিজ্ঞায় বাসস্তে কল্পয়াম্যহং। ইদং বস্ত্রং। উত্তরীয় লইয়া,—ওঁ যমাশ্রিত্য মহামায়া জগৎসম্মোহনী সদা। তস্মৈ তে পরমেশায় কল্পয়াম্যুত্তরীয়কং। ইদং উত্তরীয় বস্ত্রং। ৯। পুনশ্চ আচমনীয় লইয়া পূর্ব্বোক্ত মন্ত্রে দিবে। যজ্ঞোপবীত লইয়া,—ওঁ যস্য শক্তিত্রয়েণেদং সংপ্রোত (সম্প্রীত) মখিলং জগৎ। যজ্ঞসূত্রায় তস্মৈ তে যজ্ঞসূত্রং প্রকল্পয়ে। ইদং যজ্ঞোপবীতং। আভরণ লইয়া,—ওঁ স্বভাবসুন্দরাঙ্গায় নানাশক্ত্যাশ্রয়ায় তে। ভূষণানি বিচিত্রাণি কল্পয়াম্যমরার্চ্চিত। এতানি ভূষণানি। ১০। প্রোক্ষিত চন্দন কর্পূর অগুরু প্রভৃতি গন্ধ লইয়া,—ওঁ পরমানন্দসৌভাগ্য পরিপূর্ণ দিগম্বর। (ওঁ পরমানন্দসৌরভ্য পরিপূর্ণ দিগম্বরং)

গৃহাণ পরমং গন্ধং কৃপয়া পরমেশ্বর। এষ গন্ধঃ। ১১। সচন্দন পুষ্প লইয়া,—ওঁ তুরীয়-বনসম্ভূতং নানাগুণমনোহরং॥ আনন্দসৌরভং পুষ্পং গৃহ্যতামিদমুত্তমং। ইদং পুষ্পং। ১২। (তুলসী বা বিল্বপত্র এই স্থলে দিবে) তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ দ্বারা ধূপ লইয়া 'ফট্' মন্ত্রে অভ্যুক্ষণ পূর্ব্বক হ্রীং মন্ত্র উচ্চারণানন্তর 'জয়ধ্বনি মন্ত্রমাতঃ স্বাহা' ঘণ্টার পূজা করিয়া, ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধর্ব্বাসুরভোজনঃ। আঘ্রেয়ঃ সর্ব্বদেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাং এষধূপঃ, নিবেদন পূর্ব্বক আরত্রিকবৎ ঘুরাইয়া দিবে। ১৩। দীপ লইয়া,—ওঁ সুপ্রকাশো মহাদীপঃ, সর্ব্বতস্তিমিরাপহঃ। সবাহ্যাভ্যন্তরজ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাং। এষ দীপঃ—নিবেদন করিয়া আরত্রিকবৎ দিবে। ১৪। নৈবেদ্য অর্চ্চনাদি করিয়া, ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ, মৎস্য মুদ্রাদ্বারা আচ্ছাদন পূর্ব্বক মূলমন্ত্র দশধাজপ করিয়া,—সৎপাত্রসিদ্ধং সুহবি-র্বিবিধানেকভক্ষণং। নিবেদয়ামি দেবেশ সানুগায় গৃহাণ তৎ। এতন্নৈবেদ্যং। ১৫। পানার্থ জল দিয়া,—ওঁ সমস্তদেবদেবেশ সর্ব্বতৃপ্তিকরং পরং। অখণ্ডানন্দসংপূর্ণ গৃহাণ জলমুত্তমং। ইদং পানার্থজলং। পুনরাচমনীয় লইয়া,—ওঁ উচ্ছিষ্টোঽপ্যশুচির্ব্বাপি

যস্য স্মরণমাত্রতঃ। শুদ্ধিমাপ্নোতি তস্মৈ তে পুনরাচমনীয়কং। ইদং পুনরাচমনীয়ং। ইদং তাম্বূলং।

তৎপরে, পুষ্পাঞ্জলিত্রয় দিয়া, শয্যা, ছত্র, ব্যজন, সাধার অন্ন জল ও বস্ত্র, এবং ধ্বজাদি যথাশক্তি দেবতাসম্প্রদানক উৎসর্গ করিবে। পরে, প্রাণায়াম পূর্ব্বক যথাশক্তি জপ করিয়া, "গুহ্যাতি" মন্ত্রে জল দিয়া, স্তবাদি পাঠানন্তর নমস্কার করিবে।

হোমাদি *।

দেবতার সমীপে উত্তরভাগে পূর্ব্বাস্য পুরোহিত স্বগৃহ্যোক্ত বিধান ক্রমে 'বিশ্বরূপ' নামক অগ্নিস্থাপন পূর্ব্বক বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকা (অষ্টম ভাগ হিন্দু সৎকর্ম্মমালা দেখ) সমাধা করিবে।

পরে, দেবতাকে আবাহন করিয়া 'অমুক দেবস্য জাতকর্ম্ম সম্পাদয়ামি স্বাহা' (মনে চিন্তা

করিয়া) চারিবার ঘৃত দ্বারা হোম করিবে (এই ক্রমে, জাতকর্ম্ম, নামকরণ, নিষ্ক্রামণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, গোদান, বিবাহ, এই আটটী সংস্কার সম্পাদন করিবে। নামকরণে,—'অমুক দেবস্য নামকরণং সম্পাদয়ামি স্বাহা' মন্ত্রে চারিবার হোম করিয়া, 'অমুক নামাসি' বলিয়া দেবতার নামকরণ করিবে।

তৎপরে, দেবতার স্বাহান্ত মূলমন্ত্রে ঘৃতদ্বারা অষ্টোত্তরশতবার হোম করিয়া, প্রতিবারে হোমাবশিষ্ট (কুশিস্থিত) ঘৃত প্রতিমার মস্তকে দিয়া, উদীচ্য করিবে। হুতশেষ মিশ্রিত ভস্মতিলক দেবতার মস্তকে, কণ্ঠে, বাহুমূলদ্বয়ে ও হৃদয়ে দিবে, মন্ত্র, ওঁ কশ্যপস্ত ত্র্যায়ুষং। ওঁ যমদগ্নেস্ত্র্যায়ুষং। ওঁ যদ্দেবানাং ত্র্যায়ুষং। ওঁ তত্তেঽস্তু ত্র্যায়ুষং ॥ ৪ ॥

দেবতার প্রাণপ্রতিষ্ঠা।

দেবতার গণ্ডদ্বয় ধরিয়া,—মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক ওঁ আঁ হ্রীং ক্রোঁ যঁ রঁ লঁ বঁ শঁ ষঁ সঁ হোঁ হঁ সঃ অমুকস্য প্রাণা ইহ প্রাণাঃ। আং…ইত্যাদি জীব ইহ স্থিতঃ। আং ইত্যাদি সর্ব্বেন্দ্রিয়াণি। আং—ইত্যাদি বাঙ্মনশ্চক্ষুঃ শ্রোত্র-ঘ্রাণ-প্রাণা ইহাগত্য সুখং চিরং

তিষ্ঠন্তু স্বাহা। দেবতার হৃদয়ে দূর্ব্বাক্ষত ও পুষ্প ধারণ করিয়া মন্ত্রদ্বয় বলিবে,—ওঁ মনো-জ্যোতির্জুষতামাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু। বিশ্বেদেবা স ইহ মাদযন্তা মোম্ প্রতিষ্ঠ। ওঁ অস্মৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু অস্মৈ প্রাণাঃ ক্ষরন্তু চ। অস্মৈ দেবত্ব সংখ্যায়ৈ স্বাহা। ২।

পরে, অদ্যেত্যাদি—মৎসঙ্কল্পিত অমুকদেবপ্রতিষ্ঠাকর্ম্মণি ব্রহ্মকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণাং তদিত্যাদি—আচার্য্যসম্প্রদানক ও তন্ত্রধারক এবং সদস্যকে স্বর্ণ দক্ষিণা ইত্যাদি দান করিয়া, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্যসমাধান পূর্ব্বক ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং—বিষ্ণুস্মরণ এবং প্রীয়তাং পুণ্ডরীকাক্ষ—ইত্যাদি মন্ত্রে ক্ষমা প্রার্থনা করিবে এবং পিষ্টক প্রদীপ ও কর্পূর দীপাদি দ্বারা এবং আম্র ও অশ্বত্থাদি পল্লব এবং যবাদি ওষধি দ্বারা দেবতার আবরিক করিয়া প্রণাম করিবে।

(বিংশতির অন্যূন ব্রাহ্মণ ভোজন করাইবে এবং দীন অনাথ অন্ধ বধির প্রভৃতিকে যথাশক্তি দান করিবে)

পুনঃসংস্কার ও সংক্ষেপ প্রতিষ্ঠা।

আদিপুরাণে বলিযাছেন, প্রতিমা ভগ্ন হইলে, ফাটিলে, দগ্ধ হইলে, অস্পৃশ্য স্পর্শে পবিত্যক্ত হইলে পূজাবহিত হইলে, পশুস্পৃষ্ট হইলে, দুষ্টভূমি অর্থাৎ অশুচি স্থানে পতিত হইলে, এক দেবতার অন্যদেবতাব মন্ত্রে পূজা হইলে (অর্থাৎ ভ্রমক্রমে কালিকাব মূলমন্ত্রে কৃষ্ণ প্রতিমাব পূজা করা হইলে) কিম্বা পতিত ব্যক্তি কর্ত্তৃক সংস্পৃষ্ট হইলে, এই দশ প্রকার অবস্থা ঘটিলে সেই প্রতিমায দেবতাদিগেব আবির্ভাব থাকে না, সর্ব্বব্যাপি বিষ্ণু এই কথা বলিযাছেন, অতএব এই সকল স্থানে যথাসম্ভব সংস্কাব প্রযোজন। সাধাবণতঃ অস্পৃশ্যস্পর্শ ঘটিলে শোধিত পঞ্চগব্যে স্নান করান ব্যবহাব আছে। ৬২

প্রতিষ্ঠিত প্রতিমায কদাচিৎ পূজা না হইলে মহাকপিলপঞ্চবাত্রে বলিযাছেন,—একাহ পূজা না হইলে দুইবাব পূজা কবিবে। তিনদিন পূজা না হইলে মহাপূজা (পঞ্চগব্য দ্বাবা স্নান কবাইযা) অর্থাৎ ষোড়শোপচাব পূজা কবিবে। ত্রিবাত্রেব অধিক

কাল পূজা রহিত হইলে কেহ বলেন পুনঃ প্রতিষ্ঠা করিবে, কেহ বলেন সংপ্রোক্ষণ আবশ্যক।

বৌধায়ন বলিয়াছেন, দেবপ্রতিমার অস্পৃশ্যস্পর্শ দোষ ঘটিলে তাম্রাদি ধাতু বা কাষ্ঠ প্রস্তরাদি মূর্ত্তির দ্রব্যশুদ্ধি প্রকরণোক্ত বিধান অনুসারে শুদ্ধি করিয়া, পুনশ্চ প্রতিষ্ঠা বা সংপ্রোক্ষণ করিলে পর পূজাদি করা যাইতে পারে। মৃণ্ময়ী বা পাষাণময়ী মূর্ত্তি এককালীন ভগ্ন হইলে পরিত্যাগ পূর্ব্বক পুনরায় নূতন গঠন করিয়া প্রতিষ্ঠা করিবে। প্রতিষ্ঠা প্রকরণ পূর্ব্বে লিখিত হইয়াছে, সংপ্রোক্ষণ ক্রম লেখা যাইতেছে, যথা,—

পঞ্চগব্য মন্ত্রে সংশোধিত কুশোদক মিশ্রিত পঞ্চগব্য দ্বারা বিগ্রহকে স্নান করাইয়া, কুশোদক দ্বারা প্রতিমা সংশোধন পূর্ব্বক অর্ঘ্যোদক দ্বারা মূলমন্ত্রে অষ্টোত্তর শতবার প্রতিমা প্রোক্ষণ করিবে, পরে, অষ্টোত্তর শত বা চতুঃ পঞ্চাশৎ কিম্বা বিংশতি অথবা একটি কুম্ভে সাড়ে চারিশের পরিমাণ হিসাবে জল লইয়া স্নান করাইবে, মন্ত্র যথা,—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনো-র্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যাং (হস্তমাদদে)। প্রতি দ্রব্য সাড়ে চারিসের আবশ্যক।

তৎপরে, পুষ্প, আতপতণ্ডুল এবং কুশাযুক্ত হস্ত দেবতার মস্তকে স্থাপন করিয়া, দেবতার মূলমন্ত্র পাঁচবার জপ পূর্ব্বক পুনশ্চ একশত আটবার জপ করিবে। পরে, মূলমন্ত্র পড়িয়া দেবতার মস্তক হইতে পীঠাসন পর্য্যন্ত অঙ্গ স্পর্শ করিবে। তৎপরে, তত্ত্বন্যাস, লিপিন্যাস, ও মন্ত্রবর্ণন্যাস (দেবপ্রতিষ্ঠায় দেখ) করিয়া, পঞ্চোপচারে দেবতার পূজা পূর্ব্বক প্রাণপ্রতিষ্ঠা মন্ত্রে প্রাণপ্রতিষ্ঠানন্তর বিশেষ পূজা করিয়া, তদনন্তর হোম করিবে (দেবপ্রতিষ্ঠা ৫৪ পৃষ্ঠা হইতে ৬২ পৃষ্ঠা দেখ) পরে, আরত্রিক করিয়া প্রণাম করিবে।

ইহাতে সংকল্প না থাকায় দক্ষিণান্ত নাই। ব্রাহ্মণ ভোজনাদি করান প্রয়োজন।

শালগ্রাম প্রকরণ *।

চক্রবিবেকে বলিয়াছেন,—ধ্বজ বজ্রাদি নানা চিহ্নধারিণী স্থিরাসনা ফলাকারা স্নিগ্ধবর্ণা, পীতা ও নীলবর্ণা শিলা লক্ষ্মীবৃদ্ধিকরী, কৃষ্ণা মূর্ত্তি সর্ব্বসিদ্ধিপ্রদা, পাণ্ডুরবর্ণা পাপনাশিনী, মিশ্রবর্ণা মিশ্রফলদায়িকা। গম্ভীরচক্রা প্রশস্তা।

---

* শালগ্রামশিলা যত্র তত্র সন্নিহিতো হরিঃ। তৎসন্নিধৌ ত্যজন্ প্রাণান্ বিষ্ণুলোকে মহীয়তে॥ শালগ্রামশিলাপূজাং বিনা যোঽশ্নাতি মানবঃ। স চাণ্ডালাদি-বিষ্ঠায়া-মাকল্পং জায়তে কৃমিঃ॥ পাদ্মে,—শালগ্রামযুগাঃ পূজ্যা যুগ্মেষু দ্বিতয়ং নহি। অযুগ্মা নৈব পূজ্যন্তে বিষমেষেক এবহি॥ একঃপূজ্য ইত্যর্থঃ। বরাহপুরাণে,—গৃহে লিঙ্গদ্বয়ং নার্চ্চ্যং শালগ্রামদ্বয়ন্তথা। দ্বে চক্রে দ্বারকায়াস্তু নার্চ্চ্যং সূর্য্যদ্বয়ং তথা। শক্তিদ্বয়ং তথা নার্চ্চ্যং গণেশদ্বয়মেব চ। দ্বৌ শঙ্খৌ নার্চ্চয়েচ্চৈব ভগ্নাঞ্চ প্রতিমাং তথা। নার্চ্চয়েচ্চ তথা শঙ্খং মৎস্যস্য দশনাঙ্কিতং। গৃহেঽগ্নিদগ্ধা ভগ্নাশ্চ নার্চ্চ্যাঃ পূজ্যা বসুন্ধরে। এতাসাং পূজনান্নিত্যং ন সুখং প্রাপ্নুয়াদ্গৃহী॥ শালগ্রামশিলা ভগ্না পূজনীয়া সচক্রকা॥ শালগ্রামশিলায়াঞ্চ দ্বষ্টব্যাঃ সর্ব্বদেবতাঃ। শালগ্রামশিলায়াঞ্চ তত্তদ্বুদ্ধ্যা সমর্চ্চয়েৎ॥ শালগ্রামে শিবে চাপ্সু

কৃষ্ণা বক্রা সমাভা কর্কশা স্থূলচক্রা সুচক্রা লগ্নচক্রা বৃহন্মুখী অধোমুখা বহুরেখা ও বৃহচ্চক্রা শিলা অশুভফলদায়িকা। স্থূল আয়ুনাশিনী, চক্রশূন্যা শিলা নিষ্ফলা। ত্রিকোণা শকটাকারা অর্দ্ধচন্দ্রাকারা বিকৃতাস্যা শালগ্রাম শিলা অপ্রশস্তা। ভগ্নাদি নিষিদ্ধা॥ শিলা যদি ইষ্টা হয় অর্থাৎ যাঁহার শ্রীরামাদি মূর্ত্তি ইষ্টদেবতা তাহার পক্ষে সেই ইষ্টলক্ষণান্বিতা শিলা ভগ্নাদি হইলেও দূষণীয় নহে, উহা যত্নপূর্ব্বক পূজা করিবে, চক্র ভগ্ন হইলে পরিত্যজ্য।

বহ্নৌ মনসি পুষ্পকে। এষু চারাহনং নাস্তি দেবতানাং সদাস্থিতিঃ। ন রৌদ্রদেশে বিপেন্দ্র সধূমে রন্ধনালয়ে। ন সূতিকাগৃহে চৈব স্থাপয়েৎ কমলাপতিং॥ নিবিড়ে নূতনাগারে সর্ব্বোপদ্রব-বর্জ্জিতে। স্থাপয়েৎ পুণ্ডরীকাক্ষং ভগবন্তং জনার্দ্দনং। ওঁকারোচ্চারণাদ্ধোমাচ্ছালগ্রামশিলার্চ্চনাৎ। ব্রাহ্মণী গমনাচ্চৈব শূদ্রশ্চাণ্ডালতাং ব্রজেৎ। দীক্ষাসংস্কৃতস্তথা শূদ্রৈর্মদ্যপানবিবর্জ্জিতৈঃ। কর্ত্তব্যং ব্রাহ্মণদ্বারা শালগ্রামশিলার্চ্চনং॥ চক্রবিবেকে,—যেষাং নাস্তি বিধিমন্ত্রো ন দীক্ষা ন বিধিক্রমঃ। ন তেষামপরাধোঽস্তি শালগ্রামশিলার্চ্চনে। নৈব মন্ত্রো ন চ ধ্যানং ন জপো ন চ ভাবনা। ন স্তুতি র্নাপরাধশ্চ শালগ্রামশিলার্চ্চনে॥

পৈত্রিক শিলা এবং গুরুদত্ত শিলা উত্তমা, সাধুদিগের সহিত সংযতভাবে যাইয়া শিলার উৎপত্তি স্থল হইতে সংগৃহীত শিলাই স্বীয় পূজায় সর্ব্বোত্তমা। ক্রয়ক্রীতা শিলা মধ্যমা, যাচিতা শিলা অধমা।

শালগ্রাম শিলাভিষেক।

শালগ্রামশিলার সামান্যতঃ অস্পৃশ্য স্পর্শনাদি দোষ ঘটিলে, সংশোধিত পঞ্চগব্য (হিন্দু-সৎ-কর্ম্মমালা ১ম ভাগে ১১২পৃঃ দেখ) দ্বারা পৃথক্ পৃথক্ দ্রব্য ও মন্ত্রে স্নান করাইয়া পূজা করিবে। স্কন্দপুরাণে বলিয়াছেন। শালগ্রাম শিলা স্বয়ম্ভু হেতুক উঁহার নিত্য দেবত্ব থাকায় উহাতে প্রতিষ্ঠা নাই, পঞ্চগব্য দ্বারা স্নান করাইয়া, বিশেষ পূজানন্তর নিত্যপূজা করিবে। সমর্থ হইলে মহাভিষেক করিবে। চক্র ব্যতীত অঙ্গ ভগ্ন হইলে, পঞ্চগব্য দ্রব্য প্রত্যেকে সাড়ে চারিসের পরিমাণ দ্বারা অভিষেক করিয়া, বিশেষরূপে ষোড়শোপচারে পূজা পূর্ব্বক হোমাদি করিবে।

বাণলিঙ্গলক্ষণাদি।

কপিলবর্ণলিঙ্গ অর্থদায়ক, মেঘাভবর্ণলিঙ্গ মুক্তিপ্রদ। কপিলবর্ণের অতি সূক্ষ্ম বা অতি

স্থূল লিঙ্গ গৃহস্থের পূজ্য নহে। চিপিটকাকার, কর্কশদৃশ্য, সচ্ছিদ্র এবং ভগ্ন লিঙ্গও অপূজ্য। যে লিঙ্গ ভ্রমরের ন্যায় কৃষ্ণবর্ণ তাহাই প্রশস্ত ও শুভদায়ক। বাণলিঙ্গের প্রতিষ্ঠাদি * নাই। পঞ্চগব্য দ্বারা স্নান করান ব্যবহার আছে।

---

* ভবিষ্যে,—বাণলিঙ্গানি রাজেন্দ্র স্থিতানি ভুবনত্রয়ে। ন প্রতিষ্ঠা ন সংস্কারস্তেষামাবাহনং নচ॥ লক্ষণ সমুচ্চয়ে,—স্থিরালক্ষ্মীপ্রদং হৈমং রাজতঞ্চৈব রাজ্যদং। প্রজাবৃদ্ধিকরং রাঙ্গং তাম্রমায়ুঃ প্রবর্দ্ধনং। বিদ্বেষকারকং কাংস্যং বীতিজং শত্রুনাশনং। বীতিজং পিত্তলমযং। রোগঘ্নং সৈসকং লিঙ্গ-মায়সং শত্রুনাশনং। অষ্টলৌহময়ং লিঙ্গং কুষ্ঠরোগক্ষয়াবহং। ত্রিলৌহসম্ভবং লিঙ্গং বিজ্ঞানং প্রতিসিদ্ধিদং॥ লৈঙ্গে,—বিশেষাচ্ছৈলজং মুক্ত্যৈ ভুক্তয়ে চানুসঙ্গতঃ। পার্থিবং ভুক্তয়ে প্রোক্তং মুক্তয়ে চানুসঙ্গতঃ। এবং বৈ দারুজং লিঙ্গং চিহ্নলিঙ্গং তথা পুনঃ॥ পার্থিবে শিবপূজায়াং সর্ব্বসিদ্ধিযুতো ভবেৎ। পাষাণে শিবপূজায়াং দ্বিগুণং ফলমীরিতং॥ গঙ্গায়াঞ্চ লক্ষগুণং লাক্ষায়াং রোগবান ভবেৎ। স্ফাটিকে সর্ব্বসিদ্ধিঃ স্যাত্তথামারকতে প্রিয়ে॥

ব্রহ্মপুরাণে,—অনর্হং মম নৈবেদ্যং পত্রং পুষ্পং ফলং জলং। শালগ্রামশিলালগ্নং সর্ব্বং যাতি পবিত্রতাম্॥ শালগ্রামশিলাযুক্তং লিঙ্গাদ্যর্চ্চন-নৈবেদ্যার্দ্যদুষ্টমিতি কেচিৎ॥

রথপ্রতিষ্ঠা প্রয়োগঃ *।

প্রতিষ্ঠার পূর্ব্বদিনে কর্ত্তা হবিষ্যাশী হইয়া, পরদিবস প্রাতঃকালে স্নান সন্ধ্যা পূজাদি নিত্যকার্য্য সমাধা করিয়া, স্বস্তিবাচন করিবেন,—কর্ত্তব্যেঽস্মিন বিষ্ণুরথ প্রতিষ্ঠা কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং ৩। তিনবার বলিয়া ব্রাহ্মণেরা আতপ তণ্ডুল নিক্ষেপ করিবেন, এইক্রমে ঋদ্ধি ও স্বস্তিবাচন করিয়া, সামবেদীয়েরা—সোমং রাজানং—ওঁ সূর্য্যঃ সোমঃ—ইত্যাদি দুইটি মন্ত্র পড়িবেন।

সংকল্প।—বিষ্ণুরোম্ তৎসদদ্য আষাঢ়ে মাসি শুক্লে পক্ষে দ্বিতীয়ায়াং তিথৌ

---

* আষাঢ়ী শুক্লাদ্বিতীয়া তিথি উভয় দিন পূর্ব্বাহ্নে মূহূর্ত্তকাল পাইলে পরদিন রথযাত্রা করিবে। এই দ্বিতীয়া হইতে নবম তিথি দশমীতে পুনর্যাত্রা করিবে, ঐ দশমী যদি উভয় দিন পূর্ব্বাহ্ন প্রাপ্ত হয়, তাহা হইলে পরদিন পুনর্যাত্রা হইবে। কেহ কেহ সাবন নবম দিনে পুনর্যাত্রা করিয়া থাকেন।

রথ প্রতিষ্ঠিত থাকিলে প্রতিবৎসর কেবল রথযাত্রার বিধানে পূজাদি উৎসব করা আবশ্যক।

অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা এতৎ কাষ্ঠাদিময রথপরমাণু সমসংখ্যেক বর্ষসহস্রাবচ্ছিন্ন স্বর্গলোক-মহিতত্বকামো (বিষ্ণুপ্রীতিকামো বা) বিষ্ণুরথপ্রতিষ্ঠামহং করিষ্যে। স্ব স্ব বেদীয় সংকল্প সূক্ত পড়িবে।

পরে, আভ্যুদয়িকের সংকল্প করিবে, যথা,—অদ্যেত্যাদি—অমুক দেবশর্ম্মা এতৎ কাষ্ঠাদি-ময় বিষ্ণুরথ-প্রতিষ্ঠা কর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্য্যাদি ষোড়শমাতৃকা পূজা বসোর্ধারা সম্পাতনায়ুষ্য সূক্ত জপাভ্যুদয়িক শ্রাদ্ধান্যহং করিষ্যে।

প্রথমে গণেশের পূজা করিয়া, গৌর্য্যাদি ষোড়শ মাতৃকার পূজা পূর্ব্বক বসুধারা দিয়া, আয়ুষ্যসূক্ত জপ করিয়া, পরে, আভ্যুদয়িক শ্রাদ্ধ (স্বয়ং অসমর্থে অন্য দ্বারা) সমাপন করিবে।

পরে, ব্রহ্মা হোতা তন্ত্রধার ও সদস্য বরণ করিয়া দিবে,—অদ্যেত্যাদি—অমুক দেবশর্ম্মা মৎসঙ্কল্পিত এতৎকাষ্ঠাদিময়-বিষ্ণুরথপ্রতিষ্ঠাকর্ম্মণি হোত্রাদি কর্ম্মকরণায় অমুক গোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণং গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। ওঁ বৃতোঽস্মি প্রতিবাক্যঃ। যথা-বিহিতং হোত্রাদি কর্ম্ম কুরু। যথাজ্ঞানং করবাণি।

পরে, হোতা পঞ্চগব্যশোধন, ঘটস্থাপন (১ম ভাগে দেখ) এবং ঐ ঘটে (ব্রতমালা প্রথমভাগে ব্রতপ্রতিষ্ঠায় কথিত) গণেশাদিব পূজা পূর্ব্বক- বিষ্ণু ও লক্ষ্মীব যথাশক্তি পূজা করিয়া, বহ্নিস্থাপনাদি (ঐ ছযপৃষ্ঠা হইতে ত্রিশপৃষ্ঠা) উদীচ্য ও অগ্নিবিসর্জ্জনান্ত প্রতিষ্ঠাঙ্গক সাধারণ হোমাদি কার্য্য সমাপন কবিয়া, "ভগবন্ বিষ্ণু "প্রীয়তা·" বলিবে।

তৎপবে, রথসমীপে যাইয়া, রথকে মাল্যাদি দ্বাবা সজ্জিত কবিয়া, সুশোভিত ধ্বজার পূজা পূর্ব্বক প্রার্থনা করিবে, যথা,—ওঁ যো বিশ্বপ্রাণহেতু স্তনুবপি চ হবে-র্যানকেতুঃ স্বরূপো। যং সঞ্চিন্ত্যৈব মোহাৎ স্বয়মুরগবধূবর্গগর্ত্তাঃ পতন্তি। চঞ্চচ্চণ্ডোরুতুণ্ডক্রটিতফণিবশা-রক্ত-ধারাঙ্কিতাস্যং বন্দে ছন্দোময়ং তং খগপতিমমলং স্বর্ণবর্ণং সুপর্ণং।

এই প্রার্থনানন্তর বেদধ্বনি এবং মঙ্গল সূচক গীতবাদ্য ও শঙ্খধ্বনি কবিয়া রথের উপর ধ্বজারোপণ কবিবে, প্রণব উচ্চাবণ করিয়া, শান্তিকুম্ভেব জলদ্বাবা রথ অভিষিঞ্চন করিবে।

পরে, দেবতাকে বথ সমীপে আনয়ন কবিযা, রথেব উপব মাষভক্ত বলি র

বলিবে,—এষমাষভক্তবলি ওঁ দেবদৈত্যভূতাদিভ্যো নমঃ॥ ওঁ বলিং গৃহ্ণন্তু মে দেবা আদিত্যা বসবস্তথা। মরুতশ্চাশ্বিনৌরুদ্রাঃ সুপর্ণাঃ পন্নগাস্তথা। অসুরা যাতুধানাশ্চ রথস্থাশ্চৈব দেবতাঃ। দিক্‌পালা লোকপালাশ্চ যে চ বিঘ্নবিনায়কাঃ॥ জগতঃ স্বস্তি কুর্ব্বাণা দিব্যা মহর্ষয়স্তথা। অবিঘ্ন মাচরন্ত্বেতে মাসন্তু পরিপন্থিনঃ॥ সৌম্যা ভবন্তু তৃপ্তাশ্চ দৈত্যাভূতগণাস্তথা॥

তৎপরে, নিম্নলিখিত দেবতাদিগকে যথাশক্তি পূজা করিবে। বলরাম ধ্যান।—বলরামং বিষশ্বেতং দধতং মূষলং হলং। একাবতংসং ধ্যায়েচ্চ মদবিহ্বললোচনং॥ ধ্যানানন্তর ষোড়শোপচারে, পূজা করিবে।

জগন্নাথ ধ্যান।—ভগবন্তং জগন্নাথং পুণ্ডরীকনিভেক্ষণং। বাঞ্ছাকল্পতরুং বন্দে ভক্তানুগ্রহ-কারকং॥ সুভদ্রা ধ্যান।—সুভদ্রাং ভদ্রবদনাং ভদ্রকর্ম্মপ্রবর্ত্তিনীং। বন্দেঽভিমন্যুতনয়াং ধনঞ্জয়মনোহরাং॥ তিন দেবতারই ষোড়শোপচারে পূজা কর্ত্তব্য। সুভদ্রাকে নীলবস্ত্র দেওয়া আবশ্যক। সুদর্শন ও গরুড়ের যথাশক্তি পূজা করিবে।

পরে, স্থপতিকে (রথনির্ম্মাণ কারক ছুতোরকে) বস্ত্রাদি দিয়া সন্তোষ করিয়া, রথের ধ্বজার পতাকা সংস্পৃষ্ট বস্ত্র বামহস্তদ্বারা ধরিয়া, রথ উৎসর্গ করিবে,...বিষ্ণুরোম্ তৎসদদ্য আষাঢ়ে মাসি শুক্লে পক্ষে দ্বিতীয়ায়াং তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীবিষ্ণু প্রীতিকাম এতৎ কাষ্ঠাদিময়রথমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং শ্রীবিষ্ণবে তুভ্যমহং সম্প্রদদে।

দক্ষিণা অর্চ্চনাদি করিয়া,—অদ্যেত্যাদি—শ্রীবিষ্ণুপ্রীতিকামনয়া কৃতৈতৎ কাষ্ঠাদিময় রথদানকর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণাং তৎ কাঞ্চনমূল্য রজতখণ্ডমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং বিষ্ণবে তুভ্যমহং সম্প্রদদে।

ব্রাহ্মণ ও বৈষ্ণবগণ মিলিত হইয়া ভগবানের নিকট প্রার্থনা করিবে,—ইন্দ্রদ্যুম্নং ক্ষিতিপতিপতিং যথা চাসীৎ পুরা বিভো। বিজয়স্ব রথেনাশু গুণ্ডিকা মণ্ডপং প্রতি। তবাপাঙ্গাবলোকেন প্রপুনন্তি দিশো দশ। নিঃশ্রেয়সপদং হন্তু স্থাবরাণি চরাণি চ। অবতার কৃতো হ্যেষ লোকানুগ্রহকাম্যয়া॥ দেবতা সহ রথকে তিনবার প্রদক্ষিণ পূর্ব্বক নমস্কার করিবে।

ব্রহ্মা হোমাদিকর্ম্মে বরণ দক্ষিণা।—অদ্যেত্যাদি—মৎসংকল্পিত রথপ্রতিষ্ঠাকর্ম্মণি ব্রহ্মকর্ম্ম প্রতিষ্ঠার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণু দৈবতং যথাসম্ভব গোত্র নাম্নে ব্রহ্মণায অহং দদে।

মূলদক্ষিণা।—মৎসংকল্পিত রথপ্রতিষ্ঠাকর্ম্মণঃ সাঙ্গতার্থং—ইত্যাদি। পরে, অচ্ছিদ্রাবধারণ, এবং বৈগুণ্যসমাধান ও বিষ্ণুস্মরণ করিবে।

(রথপ্রতিষ্ঠা কার্য্য শেষ হইলে যথাবিধানে রথযাত্রা করিতে হইবে)।

রথযাত্রা।

স্বস্তিবাচন।—কর্ত্তব্যেঽস্মিন রথযাত্রা মহোৎসবকর্ম্মণি পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি। বিষ্ণুর্নমোহদ্য আষাঢ়ে মাসি শুক্লে পক্ষে দ্বিতীয়ায়াং তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীবিষ্ণু-প্রীতিকামঃ শ্রীজগন্নাথস্য (শ্রীমন্নারায়ণস্য) রথযাত্রা- মহোৎসবমহং করিষ্যে।

সংকল্প সূক্ত দেবো বো—ইত্যাদি মন্ত্র পড়িয়া, প্রাণায়াম, অঙ্গন্যাস ও করন্যাসাদি যথাশক্তি করিয়া, পূর্ব্বোক্ত ধ্যান (৭২ পৃষ্ঠা) পূর্ব্বক যথাশক্তি উপচারে বলরাম, জগন্নাথ ও সুভদ্রার পূজা এবং সুদর্শন ও গরুড়ের পূজা করিবে।

পরে, নানা বাদ্যধ্বনি পুরঃসর দেবতাকে হস্তে লইয়া, তিনবার রথ প্রদক্ষিণ পূর্ব্বক রথমধ্যে স্থাপন করিয়া পুনশ্চ পূজানন্তর নমস্কার করিবে, যথা,—ওঁ জনার্দ্দন জগন্নাথ শরণাগতপালক। তস্মাৎ স্বদাস-দাসানাং দাসত্বং দেহি মে প্রভো॥ তৎপরে, গীত বাদ্যধ্বনি পূর্ব্বক পঞ্চবার পুষ্পাঞ্জলি দিয়া, রথস্থ দেবতাকে সুখোপবিষ্ট চিন্তা করিয়া, আত্মাকে কৃত-কৃতার্থজ্ঞান পূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া পাঠ করিবে,—ওঁ অদ্য মে সফলং জন্ম জীবিতঞ্চ সুজীবিতং। আরূঢ়োঽসি জগন্নাথ যন্ময়া রচিতে রথে। ধন্যোঽস্মি কৃতকৃত্যোঽস্মি সফলং জীবনং মম। পূতং কুলঞ্চ সকলং যদ্‌ভবান্ রথগো মম। লক্ষ্মী সরস্বতী-কান্ত খগেন্দ্র বিহিতাসন। নারায়ণ কৃতার্থোঽস্মি যন্তবান্ রথগো মম॥

পুনশ্চ বাদ্যধ্বনি পূর্ব্বক তিনবার রথস্থ দেবতাকে প্রদক্ষিণ করিয়া, কৃতাঞ্জলি হইয়া বলিবে,—"অনেন কর্ম্মণা ভগবান্ বিষ্ণু প্রীয়তাং॥

তৎপরে, বাদ্য কোলাহল পূর্ব্বক উত্তরাভিমুখে রথ টানিয়া * লইয়া যাইবে। পরে

* এক্ষণে এই সময় ব্রাহ্মণ দ্বারা রথ একটু টানাইয়া, মধ্যাহ্নে ভোগাদি দিয়া অপরাহ্নে পুনশ্চ

মধ্যাহ্নকালে পথশ্রান্ত দেবতাকে দর্পণ প্রতিবিম্বে পঞ্চামৃত শীতলোদক এবং পুষ্প কর্পূরাদি সুবাসিত জল দ্বারা অভিষেক করিয়া দেবতার অঙ্গে কর্পূর মৃগমদ চন্দনাদি সুগন্ধি দ্রব্য সকল অনুলেপন পূর্ব্বক চামরাদি ব্যজন করিবে। এই সময় নানাবিধ ফল মূল নিবেদন করিয়া দিবে।

অপরাহ্নে বাদ্য কোলাহল সহকারে সকলে মিলিত হইয়া রথ টানিয়া লইয়া পূর্ব্ব-নির্দ্দিষ্ট মণ্ডপে (কুঞ্জ কুটীর সমীপে) রথস্থাপন পূর্ব্বক দেবতাকে কুটীর মধ্যে লইয়া অভিষেক করিয়া পুনশ্চ যথাশক্তি পূজা করিবে। প্রত্যহ এইস্থানেই অবস্থিত দেবতার পূজাদি করিবে।

পরে, অষ্টম দিনে রথকে গৃহাভিমুখ করাইয়া রাখিয়া, নবমদিনে পূর্ব্বাহ্নে বিশেষরূপে (প্রথম দিনের ন্যায়) পূজা করিয়া, দক্ষিণা নিমিত্ত স্বর্ণ গো ভূমি বস্ত্রাদি দান করিবে,

---

সধারণকে রথ টানিতে দেওয়া হয়, তাহা হইলে মধ্যাহ্নে অভিষেকের আবশ্যক হয় না।

যথা,—বিষ্ণুর্নমোঽদ্য আষাঢে মাসি শুক্লে পক্ষে দশম্যাং তিথৌ অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী শ্রীবিষ্ণু প্রীতিকামনয়া কৃত্বৈতৎ শ্রীজগন্নাথস্য রথযাত্রা মহোৎসব কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতখণ্ডমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং দদে।

পরে, শান্তিদান পূর্ব্বক অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিযা, জগন্নাথকে প্রণাম করিবে,—জয় কৃষ্ণ জগন্নাথ জয় সর্ব্বাঘনাশন। জযাশেষ-জগদ্বন্দ্য-পাদাম্ভোজ নমোঽস্তু তে॥ জয় ব্রহ্মাণ্ডকোটীশ দেব নিঃশেষবাচক। অশেষজগতাধার পরমাত্মন্নমোঽস্তু তে॥ জয় ব্রহ্মেন্দ্ররুদ্রাদি-দেবৌঘপ্রণতার্ত্তিনুৎ। জয়াখিলজগদ্ধামন্নস্তুর্যামিন্নমোঽস্তু তে॥

ইতি রথযাত্রা সমাপ্তা।

দীক্ষাপদ্ধতি।

গুরুলক্ষণ।—সচ্চরিত্র ধার্ম্মিক শাস্ত্রজ্ঞ শ্রদ্ধাবান নিষ্ঠাবান ও গৃহাশ্রমী ব্রাহ্মণকে গুরু করিবে, অনাশ্রমী বা সন্ন্যাসী প্রভৃতির নিকট গৃহস্থ ব্যক্তি দীক্ষিত হইবেক না।

ব্রাহ্মণই সর্ব্ববর্ণের গুরু হইবেন, সদ্‌গুণান্বিত ব্রাহ্মণের অভাবে পূর্ব্বোক্ত লক্ষণাক্রান্ত ভগবদ্ভক্ত ক্ষত্রিয়াদিরা স্বজাতি বা অধম জাতিকে দীক্ষিত করিতে পারেন কিন্তু বিশেষ গুণান্বিত হইলেও অধম বর্ণের নিকট উচ্চবর্ণ মন্ত্রগ্রহণ কখনই করিবেন না। উদাসীনের গুরু উদাসীন, গৃহস্থের গৃহস্থ এবং বৈষ্ণবের বৈষ্ণব ও শৈবের শৈব ইত্যাদি নিয়মে গুরু করা প্রশস্ত কিন্তু বৈষ্ণব শৈব ও শাক্ত এই ত্রিবিধ ব্যক্তিই শিষ্যকে শক্তি মন্ত্রোপদেশ করিতে পারেন। পুত্র কলত্রবিশিষ্ট গৃহস্থ গুরুই সর্ব্বোত্তম। ৭৮

ক্রিয়াসার সমুচ্চয়ে বলিয়াছেন,—মহাপাতকাদি জনিত রোগবিশিষ্ট বিকলাঙ্গ রোগী কপটী বহ্বাশী দীর্ঘসূত্রী অধার্ম্মিক ইন্দ্রিয়পরায়ণ গুরু বর্জনীয়। গুরুতে মনুষ্য বুদ্ধি এবং মন্ত্রে অক্ষর বুদ্ধি ও প্রতিমায় শিলাবুদ্ধি যে ব্যক্তি করেন তাঁহার নরক হয়। শরীরদ পিতা অপেক্ষাও জ্ঞানদাতা গুরু শ্রেষ্ঠ। স্বকীয় মন্ত্রদাতা গুরুত্যাগে দরিদ্রতা এবং মন্ত্রত্যাগে মৃত্যু হয়। অবিদ্যই হউন বা সবিদ্যই হউন গুরুকুলকে

ভৈরব তুল্য জ্ঞান করিয়া সর্ব্বদা মান্য করিবে, কদাচারী বা অশ্রদ্ধাভাজন পৈতৃক গুরুও ত্যাজ্য। নারদ বলিয়াছেন,—যে যে স্থলে গুরুকে দর্শন করিবে, সেই সেই স্থলেই কৃতাঞ্জলি পূর্ব্বক ছিন্নমূল বৃক্ষের ন্যায় ভূমিষ্ঠ হইয়া দণ্ডবৎ প্রণাম করিবে। গুরুবাক্য আসন যান পাদুকা বস্ত্র এবং ছায়া, শিষ্য কদাচ লঙ্ঘন করিবেন না। গুরুসমীপে ঔদ্ধত্য, দীক্ষা, ব্যাখ্যা, প্রভুত্ব ও ব্যবসায়াদি করিবে না।

দেবতা, গুরু, গুরুর নিবাসস্থান, পুণ্যক্ষেত্র, ক্ষেত্রাধিষ্ঠাত্রী দেবতা, সিদ্ধপুরুষ এবং জীবিত মনুষ্য ইহাদিগের নামোচ্চারণ করিতে হইলে শ্রীশব্দ প্রথমে ব্যবহার করিবে।

গুরুকর্ত্তৃক তাড়িত বা পীড়িত হইলেও তাঁহার বাক্য অমান্য করিবে না প্রাণপণে গুরুর প্রিয় সাধন করিবে।

বিষ্ণু স্মৃতিতে বলিয়াছেন, পুরুষের মহাগুরু তিন যথা পিতা মাতা এবং আচার্য্য। তান্ত্রিকমতে দীক্ষা গুরুকেও আচার্য্যের ন্যায় গণ্য করা হয়। বিবাহিত স্ত্রীদিগের পতিই একমাত্র মহাগুরু। সর্ব্বদা এই সকল গুরুদিগের শুশ্রুষা ও আজ্ঞাপালন করিবে, যেহেতু ইহাঁরা প্রত্যক্ষ দেবতা স্বরূপ। স্ত্রীলোকের পাদগ্রহণ করিবে না, কেবল মাতা ও যুবতী ভিন্ন গুরুপত্নীর (জ্যেষ্ঠ ভ্রাতৃবধূ ও বিমাতার) পাদগ্রহণ করা যায়। কলিতে ব্রাহ্মণেরা শূদ্রাচারপরায়ণ সুতরাং আগম মার্গই তাঁহাদিগের এবং অন্যবর্ণেরও সিদ্ধির উপায়।

শিষ্য লক্ষণ।—তন্ত্রসারে বলিয়াছেন,—বিনীত শ্রদ্ধাবান্ সচ্চরিত্র ধার্ম্মিক ও গুরুভক্ত ব্যক্তিই শিষ্য যোগ্য। পাপিষ্ঠ, মূর্খ, নিন্দুক, আচারবিহীন, রোগী ও অভক্ত ব্যক্তিকে শিষ্য করিবে না।

গুরু এবং শিষ্য উভয়ে উভয়ের আচার ব্যবহার সম্বৎসরকাল পরীক্ষা পূর্ব্বক অবগত হইবেন, যেহেতু মন্ত্রির দোষ রাজাতে, পত্নীর পাপ স্বামিতে এবং শিষ্যার্জ্জিত পাপ গুরুতে আংশিক ভাবে প্রবর্ত্তিত হয়। ঐ ভাবে পুণ্যও সংক্রমিত হইয়া থাকে।

মন্ত্র লক্ষণ।—যিনি মনন অর্থাৎ স্মরণ হেতুক ত্রাণ করেন তাঁহার নাম মন্ত্র।

দীক্ষাবিচার।—পিতা মাতামহ সহোদর এবং বৈরিপক্ষাশ্রিত ব্যক্তির নিকট হইতে মন্ত্রগ্রহণ করিবে না। যতি বা সন্ন্যাসীর নিকটও গৃহস্থ মন্ত্র লইবেন না। ভর্ত্তা পত্নীকে এবং পিতা কন্যাকে মন্ত্র দিবে না। পূর্ব্বোক্ত ব্যক্তিগণ যদি মন্ত্রসিদ্ধি লাভ করিয়া থাকেন তবে সেই সিদ্ধমন্ত্র প্রদানে দোষ নাই। যদি অদৃষ্টবলে অর্থাৎ স্বপ্নাদি দ্বারা সিদ্ধমন্ত্র লাভ হয় তবে অতি শীঘ্র গুরুবিচার না করিয়া, গুরুদ্বারা মন্ত্র সংস্কারপূর্ব্বক মন্ত্রগ্রহণ করিবে। পিতা শৈব বা শাক্ত মন্ত্র নিজ কুলতিলক জ্যেষ্ঠপুত্রকে দিতে পারেন। সদাচারা সুশীলা সাধ্বী স্ত্রী পতি বিদ্যমানে পতির আজ্ঞায় মন্ত্র দিতে পারেন, পতি পুত্র বিহীনা অবীরার নিকট মন্ত্রগ্রহণ করিবে না।—মাতার দীক্ষা সুপ্রশস্তা। সপ্তমমাস পর্য্যন্ত গর্ভাবস্থায়ও কোন মতে মন্ত্রগ্রহণ করা হয়। গুরুর

উপাসিত মন্ত্রগ্রহণে গুরুবিচার অনাবশ্যক। বয়ঃ কনিষ্ঠের নিকট দীক্ষিত হইবে না। স্ত্রীলোক বা বয়ঃ কনিষ্ঠ স্থলে উপগুরু রাখিয়া মন্ত্রগ্রহণ কেহ কেহ করেন। গুরু ব্যতীত পুস্তকাদিতে লিখিত বা অন্য কোনরূপে শ্রুত মন্ত্রগ্রহণে কোন ফল নাই।

দীক্ষাব্যতীত জপ পূজাদি বিফল। অদীক্ষিত ব্যক্তির (বিশেষতঃ স্ত্রী শূদ্রের) পরকালে সদ্‌গতি হয়না এবং পিশাচত্ব থাকে, কিন্তু যথাশাস্ত্র দীক্ষিত হইলে তৎক্ষণাৎ সকল পাপধ্বংস হয়, সুতরাং স্ত্রী কিম্বা শূদ্রের দীক্ষিত হওয়া বিশেষ প্রয়োজন।

শূদ্র এবং স্ত্রীলোককে স্বাহা, স্বধা, শ্রীঁ (লক্ষ্মীবীজ) ও প্রণব সংযুক্ত মন্ত্র প্রদান করিবে না। যে ব্রাহ্মণ পূর্ব্বোক্ত মন্ত্র ও আত্মমন্ত্র এবং অজপা (হংস) মন্ত্র শিষ্যকে প্রদান করেন, তাঁহারা উভয়েই নরকগামী হইবেন। মায়া বীজ বা কামবীজ আদিতে সংযুক্ত কিম্বা প্রণব সংপুটিত অর্থাৎ মন্ত্রের আদ্যান্তে যদি প্রণব যোগ থাকে সেই মন্ত্র বিশুদ্ধ, উহা শীঘ্র সিদ্ধ হয়। যে ব্যক্তি যে দেবতার ভক্ত তাঁহার সেই দেবতার মন্ত্র সত্বর সিদ্ধ হয়। দশ মহাবিদ্যাকে সিদ্ধবিদ্যা বলে ইহাও শীঘ্র সিদ্ধ হয়। ধ্যান অর্চ্চনা হোমও জপাদি ব্যতিরেকে সুসিদ্ধ মন্ত্রও সিদ্ধ হয় না।

দীক্ষিত ব্যক্তির জনন মরণাশৌচ উপস্থিত হইলে, মানসিক ধ্যান জপাদি করিতে পারেন, অশৌচী

ব্যক্তি বিষ্ণুনাম ব্যতীত অন্য মন্ত্র উচ্চারণ করিবে না। অশৌচী ব্যক্তি কালী তারা ও ত্রিপুরাসুন্দরীর মন্ত্র জপ ও পূজা এবং শিব পূজা করিতে পারেন (৪র্থ ১০১ পৃষ্ঠা দেখ)।

দীক্ষাকাল বিচার।

বৈশাখ শ্রাবণ আশ্বিন কার্ত্তিক অগ্রহায়ণ ও ফাল্গুন এই সাতটী মাস দীক্ষাকার্য্যে সুপ্রশস্ত, ইহাতে সৌর মাসের গ্রাহ্যতা। নিষিদ্ধ মাসেও তিথি বিশেষে দীক্ষা হইতে পারে। রবি সোম বুধ বৃহস্পতি শুক্র এই পাঁচটি বার দীক্ষাকার্য্যে বিহিত।

দ্বিতীয়া তৃতীয়া পঞ্চমী সপ্তমী দশমী একাদশী দ্বাদশী ত্রয়োদশী পূর্ণিমা, এই সকল তিথি উভয় পক্ষেই বিহিত আছে। মন্ত্রভেদে নিষিদ্ধ তিথি বিশেষেরও গ্রাহ্যতা আছে।

কৃত্তিকা ও অশ্লেষানক্ষত্র সাধারণতঃ দীক্ষায় নিষিদ্ধ। অন্য কোন কোনটি দেবতাবিশেষে নিষিদ্ধ আছে। যোগের মধ্যে প্রীতি, আয়ুষ্মান, সৌভাগ্য, শোভন, ধৃতি, বৃদ্ধি, ধ্রুব, সুকর্ম্মা, সাধ্য, শক্র, হর্ষণ, বরীয়ান, শিব, সিদ্ধ, ব্রহ্মা, ইন্দ্র এই ষোড়শটি যোগ বিহিত।

করণের মধ্যে শকুনি চতুষ্পাদ নাগ কিস্তুঘ্ন ও বিষ্টিকরণ নিষিদ্ধ। চন্দ্র তারা অনুকূল দেখিয়া এবং বৃষ সিংহ বৃশ্চিক বা কুম্ভলগ্নে দীক্ষিত হইবে।

ভাদ্রী ষষ্ঠী, আশ্বিনী কৃষ্ণা চতুর্দ্দশী ও মহাষ্টমী, কার্ত্তিকের শুক্লানবমী. অগ্রহায়ণের শুক্লা তৃতীয়া ও নবমী পৌষের ষষ্ঠী চতুর্দ্দশী ও শুক্লানবমী, মাঘমাসের শুক্লা চতুর্থী ও একাদশী ফাল্গুনের শুক্লা ষষ্ঠী ও নবমী, চৈত্রের শ্রীরামনবমী ও মদন চতুর্দ্দশী বা শুক্লা ত্রয়োদশী, বৈশাখের অক্ষয়া তৃতীয়া, জ্যৈষ্ঠমাসের দশহরা, আষাঢ়ী শুক্লাপঞ্চমী এবং শ্রাবণের কৃষ্ণাপঞ্চমী এই সকল তিথি দেবপর্ব্ব, ইহাতে দীক্ষিত হইলে কোটি তীর্থের ফল হয়, ইহাতে মাস নক্ষত্র ও বারাদি বিচার নাই।

তন্ত্রান্তরে বলিয়াছেন, সংক্রান্তি, যুগাদ্যা, মন্বন্তরা, জন্মতিথি এবং চন্দ্র বা সূর্য্যের গ্রহণ সময়ে এবং সতীর্থে শ্রাবণী পূর্ণিমায় ও মদন চতুর্দ্দশীতে তিথি নক্ষত্র মাসাদি বিচারের আবশ্যকতা নাই কিন্তু শক্তি দীক্ষা সূর্য্যগ্রহণে এবং বৈষ্ণবী দীক্ষা চন্দ্রগ্রহণে নিষিদ্ধ। সংক্রান্তিতে এবং গ্রহণকালে দীক্ষায় কালাকাল বিচার নাই, ইহা অনেকেরই মত। ৮৩

স্থান।—গোশালা গুরুগৃহ দেবগৃহ অরণ্য পুণ্যক্ষেত্র নদীতীর পর্ব্বতাগ্র অথবা আমলকী বৃক্ষমূল বা বিল্বমূল এই সকল স্থান মন্ত্রগ্রহণে প্রশস্ত। গয়া প্রয়াগ ও পুরুষোত্তমক্ষেত্র চন্দ্রপর্ব্বত (চট্টগ্রাম) মাতঙ্গদেশ ও কন্যকাশ্রম এই সকল স্থানে দীক্ষাগ্রহণ করিবে না। সিদ্ধমন্ত্র গুরু হইলে দেশ কালাদির অপেক্ষা নাই, গুরুর ইচ্ছা মাত্রেই মন্ত্রগ্রহণ করা যায়।

[কেহ কেহ বলেন, কালী তারা প্রভৃতি সিদ্ধ বিদ্যার মন্ত্রও সিদ্ধ, সেই সিদ্ধমন্ত্র প্রদানে চক্রাদি বিচারের প্রয়োজন নাই, কিন্তু আমাদিগের বিবেচনায় ঐ বাক্য সঙ্গত বোধ হয় না, পণ্ডিতেরা ঐ বাক্য প্রশংসাপর বলিয়াছেন, কারণ অরি মন্ত্র শিষ্যের বিশেষ অনিষ্টদায়ক এবং উহা পরিত্যাগেরও বিধান আছে *। অতএব সিদ্ধমন্ত্র গুরু ব্যতীত চক্রাদি বিচার না করিয়া মন্ত্র প্রদান করা উচিত নহে।

যে যে চক্রে নামের আদ্যক্ষর লইয়া বিচার করিতে হয়, সকল মন্ত্রেই সেই সকল চক্র বিচারের আবশ্যকতা আছে এবং সর্ব্বাগ্রে সকল দেবতার মন্ত্র গ্রহণেই 'ঋণী ধনী' চক্রে মন্ত্রশুদ্ধি দেখা অবশ্য প্রয়োজনীয়। অন্যান্য চক্র বিচারপূর্ব্বক মন্ত্রশুদ্ধি দর্শন দেবতাবিশেষে আবশ্যক যথা—বিষ্ণুমন্ত্রে নক্ষত্রচক্র, শিব ও বরাহ মন্ত্রে অকথহ চক্র এবং ত্রিপুরা ও [illegible] মন্ত্রে রাশিচক্র, গোপাল, শিব ও রামমন্ত্র দীক্ষায় অকডম চক্র, মহালক্ষ্মীমন্ত্রে কুলাকুলচক্র, কালী এবং তারার ও নক্ষত্রচক্র দেখিবে। অরি মন্ত্র গ্রহণের পর জ্ঞান হইলে পরিত্যাগের বিধান আছে, উহার প্রকার এই যথা,—বটপত্রে বীজমন্ত্র লিখিয়া স্রোতজলে ভাসাইয়া দিবে। ক্রমশঃ চক্র সকলের বিবরণ লিখিতেছি]।

প্রমাণ যথা,—অরি সিদ্ধঃ সুতান হন্যাৎ। অরি সাধ্যস্তু কন্যকান। ইত্যাদি। রুদ্রযামলে —বটপত্রে লিখিত্বারি-মন্ত্রং স্রোতসি নিঃক্ষিপেৎ। এবং মন্ত্রবিমুক্তিঃ স্যাদিত্যাহ ভগবান শিবঃ। অনেকে কালী ও গোপালের একাক্ষরী সিদ্ধ বীজ বিচার করেন না।

কুলাকুল চক্র।

নিবন্ধগ্রন্থে লিখিত আছে যে, বায়ু, অগ্নি, পৃথিবী জল ও আকাশ এই পঞ্চভূতময় পঞ্চাশৎবর্ণ ক্রমশঃ লিখিয়া, নাম ও মন্ত্রের আদ্যক্ষর দৃষ্টে শত্রু মিত্র ক্রমে মন্ত্র নির্ণয় করিবে, অর্থাৎ যে মন্ত্র মিত্র, তাহা গ্রাহ্য, অরি মন্ত্র অগ্রাহ্য। সহজে বুঝিবার জন্য বর্ণ স্থাপন পূর্ব্বক পার্শ্বের চক্রে অঙ্কিত করা হইল।

বায়ু	অগ্নি	ভূ	জল	আকাশ
অ আ	ই ঈ	উ ঊ	ঋ ৠ	ঌ ৡ
এ	ঐ	ও	ঔ	অং
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
য	র	ল	ব	শ
ষ	ক্ষ	ল	স	হ

[ব্রঃ তৃ— ৮]

চক্রলিখিত পাঁচটি গৃহস্থিত দশ দশ বর্ণকে যথাক্রমে বায়বীয় আগ্নেয়, পার্থিব, বারুণ ও নাভস বর্ণ কহে। মন্ত্র গ্রহীতার নামের আদ্যাক্ষর ও যে মন্ত্র প্রদান করিতে হইবে, সেই মন্ত্রের আদ্যাক্ষর যদি একীভূত অর্থাৎ একদৈবত হয়, তাহা হইলে ঐ মন্ত্রকে মিত্র বা অনুকূল বলে দৃষ্টান্ত যথা। চন্দ্রনাথ নামক ব্যক্তিকে 'ওঁ' অকারাদি বীজমন্ত্র দেওয়া যায়, কারণ চ এবং অ এই দুই বর্ণই বায়বীয় হওয়ায় স্বকুল অর্থাৎ সানুকূল হইয়াছে (১)।

---

(১) প্রমাণ যথা,—কুলাকুলস্যভেদং হি বক্ষ্যামি মন্ত্রিণামিহ। তথা নিবন্ধে,—বায়্বগ্নিভূজলাকাশাঃ পঞ্চাশল্লিপয়ঃ ক্রমাৎ। পঞ্চহ্রস্বাঃ পঞ্চদীর্ঘা বিন্দ্বন্তাঃ সন্ধিসম্ভবাঃ। কাদয়ঃ পঞ্চশঃ ষ ক্ষ ল স হান্তাঃ প্রকীর্ত্তিতাঃ। অ আ এ ক চ ট ত প য ষা মারুতাঃ। ই ঈ ঐ খ ছ ঠ থ ফ ব ক্ষা আগ্নেয়াঃ। উ ঊ ও গ জ ড দ ব ল লাঃ পার্থিবাঃ। ঋ ৠ ঔ ঘ ঝ ঢ ধ ভ ব সা বারুণাঃ। ঌ ঌ অং ঙ ঞ ণ ন ম শ হা নাভসাঃ॥ সাধকস্যাক্ষবং পূর্ব্বং মন্ত্রস্যাপি তদক্ষবং। যদ্যেকভূত দৈবত্যং জানীয়াৎ স্বকুলং হিতং। ভৌমস্য বারুণং মিত্রং আগ্নেয়স্যাপি মারুতং। মারুতং পার্থিবানাঞ্চ আগ্নেয়ঞ্চাম্ভসাং রিপুঃ। পার্থিবানাঞ্চেতি চকারাৎ আগ্নেয়ং পার্থিবানাং রিপুঃ। নাভসং সর্ব্বমিত্রং

দ্বিতীয়তঃ যদি নামের আদ্যাক্ষর ও মন্ত্রের আদ্যাক্ষর একগৃহস্থিত অর্থাৎ পূর্ব্ববৎ এক দৈবত না হইয়াও মিত্র দৈবত হয়, সে স্থলেও সেই মন্ত্র অনুকূল হইয়া থাকে। এস্থলে কে কাহার মিত্র তাহা লেখা হইতেছে।

বারুণ বর্ণ ভৌমবর্ণের মিত্র, মারুত বর্ণ আগ্নেয় বর্ণের মিত্র, নাভস বর্ণ সর্ব্ববর্ণেরই মিত্র। মারুত বর্ণ পার্থিবের ও বারুণ বর্ণের এবং আগ্নেয় বর্ণ বারুণ ও পার্থিব বর্ণের শত্রু।

দৃষ্টান্ত যথা,—উপেন্দ্রনাথ এই নামের আদ্যাক্ষর ভৌম অর্থাৎ পার্থিব, জল অর্থাৎ বারুণ দৈবত বর্ণ ঋ ঔ ঘ প্রভৃতি এবং আকাশ বর্ণ হ ন প্রভৃতি যে বীজ মন্ত্রের আদ্যাক্ষর তাহা মিত্রদৈবত হওয়ায় সেই মন্ত্র উপেন্দ্রকে দেওয়া যায়, ইহার বিপরীত মন্ত্র রিপু, তাহা অগ্রাহ্য। ৮৭

স্যাদ্বিরুদ্ধং নৈব শীলয়েৎ। তথা চ রুদ্রযামলে পার্থিবে বারুণং মৈত্রং তৈজসং শত্রুরীরিতঃ। ঐন্দ্রবারুণয়োঃ শত্রুর্ম্মারুতঃ পরিকীর্ত্তিতঃ। বাঘব ভট্টধৃত বচনাৎ জলমারুতয়োঃ শত্রুতা ইতি কুলাকুল চক্রং॥



রাশিচক্রে দেখিতে হইবে যে, আপন জন্ম রাশি হইতে মন্ত্ররাশি অর্থাৎ যে রাশিতে মন্ত্রের আদি

বর্ণ দৃষ্ট হইবে, সেই রাশি পর্য্যন্ত গণনা করিলে, যদি মন্ত্ররাশি হইতে ষষ্ঠ, অষ্টম অথবা দ্বাদশ হয়, তাহা হইলে সেই মন্ত্র গ্রহণ করিবে না। বিষ্ণুমন্ত্র বিষয়ে চতুর্থ রাশিকে ঘাতক বলিয়াছেন *।

সর্ব্বত্রই যদি জন্মরাশির স্মরণ না থাকে, তাহা হইলে নামের আদি অক্ষর সম্বন্ধীয় রাশি গ্রহণ করিবে। নারায়ণীয় তন্ত্রেও বলিয়াছেন জন্মরাশি ও জন্মনক্ষত্র অজ্ঞাত হইলে নামের আদি অক্ষর সম্বন্ধি রাশি হইতে মন্ত্রের আদি বর্ণ সম্বন্ধীয় রাশি গণনা করিবে।

---

* রেখাদ্বয়ং পূর্ব্বপবেন কুর্য্যাত্তন্মধ্যতো যাম্য কুবের ভেদাৎ। একৈকমীশান নিশাচরে তু। হুতাশ বায়োর্বিলিখেত্ততোঽর্ণান্॥ বেদাগ্নিবহ্নিযুগলশ্রবণাক্ষি সংখ্যান্। পঞ্চেষু বাণ শরপঞ্চ চতুষ্টয়ার্ণান্। মেষাদিতঃ প্রবিলিখেৎ শকলাং স্তু বর্ণান্। কন্যাগতান্ প্রবিলিখেদথ শাদি বর্ণান্।

অ আ ই ঈ মেষঃ। উ ঊ ঋ বৃষঃ। ঌ ১ ২ মিথুনং। এ ঐ কর্কটঃ। ও ঔ সিংহঃ। অং অঃ শ ষ হ ল ক্ষাঃ কন্যাঃ। কবর্গস্তুলা। চবর্গো বৃশ্চিকঃ। টবর্গো ধনুঃ। তবর্গো মকরঃ। পবর্গঃ কুম্ভঃ। যবর্গো মীনঃ। স্বরাশীনা-মনুকুলং মন্ত্রং ভজেৎ। তথাচ স্বতাররাশিকোষ্ঠানা-মনুকুলান্ ভজেন্ মনুমিতি নারদ বচনাৎ। রাশিনাং শুদ্ধতা জ্ঞেয়া ত্যজেচ্ছত্রুং বৃতিং ব্যয়ং।

নামগ্রহণ প্রকার যথা –পিতা বা মাতা যে নাম নির্দ্দেশ করেন, অথবা যে নামে ডাকিলে নিদ্রাভঙ্গ হয় ইতিমধ্যে যে নাম প্রসিদ্ধ তাহাই গ্রাহ্য। আবশ্যকমতে দীক্ষাকালে গুরুদেবও নামান্তর করিয়া থাকেন। এই নামের পূর্ব্বে শ্রীশব্দ বা কোন উপাধিযোগ করিয়া লইবে না।

যদি রাশিজ্ঞান থাকিয়া নক্ষত্রজ্ঞান না থাকে তাহা হইলে নবপাদ নক্ষত্রের মধ্যনক্ষত্র গ্রহণ করিবে। তন্ত্রান্তরে দ্বাদশ রাশির দ্বাদশটী সংজ্ঞা করিয়াছেন, এই নামানুরূপই শুভাশুভ ফল হইয়া থাকে, জন্মরাশি হইতে মন্ত্ররাশি পর্য্যন্ত গণনা করিয়া ইহাও দেখিবে। সংজ্ঞা যথা,—তনু ধন ভ্রাতৃ বন্ধু পুত্র শত্রু কলত্র মরণ ধর্ম্ম কর্ম্ম আয় ব্যয়। ১২। বিষ্ণুমন্ত্র বিষয়ে বন্ধুস্থানে শত্রু এবং শত্রু স্থানে বন্ধু এই পাঠ হইবে। ৯০

স্বরাশের্ম্মন্ত্ররাশ্যন্তং গণনীয়ং বিচক্ষণৈঃ। যদা তু স্বরাশেরজ্ঞানং তদা সাধকো নামাদ্যক্ষর সম্বন্ধিনং রাশিং গৃহীত্বা গণয়েৎ। দ্বাদশাষ্ট চতুর্বস্তু ঘাতকাঃ। দ্বাদশ রাশীনামিয়ং সংজ্ঞা নামানুরূপং ফলং। রুদ্রযামলে।—সুপ্তো জাগর্ত্তি যেনাসৌ দূরস্থঃ প্রতিভাষতে। বদন্ত্যন্যমনস্কোঽপি তন্নাম গ্রাহ্যমেব চ ॥

নক্ষত্র চক্র।

অশ্বিনী অ আ দেবঃ	ভরণী ই মানুষঃ	কৃত্তিকা ঈ উ ঊ রাক্ষসঃ	রোহিণী ঋ ৠ ঌ ৡ মানুষঃ	মৃগশিরা এ দেবঃ	আর্দ্রা ঐ মানুষঃ	পুনর্ব্বসু ও ঔ দেবঃ	পুষ্যা ক দেবঃ	অশ্লেষা খ গ রাক্ষসঃ
মঘা ঘ ঙ রাক্ষসঃ	পূর্ব্বফল্গুণী চ মানুষঃ	উত্তরফল্গুণী ছ জ মানুষঃ	হস্তা ঝ ঞ দেবঃ	চিত্রা ট ঠ রাক্ষসঃ	স্বাতী ড দেবঃ	বিশাখা ঢ ণ রাক্ষসঃ	অনুরাধা ত থ দ দেবঃ	জ্যেষ্ঠা ধ রাক্ষসঃ
মূলা ন প ফ রাক্ষসঃ	পূর্ব্বাষাঢ়া ব মানুষঃ	উত্তরাষাঢ়া ভ মানুষঃ	শ্রবণা ম দেবঃ	ধনিষ্ঠা য র রাক্ষসঃ	শতভিষা ল রাক্ষসঃ	পূর্ব্বভাদ্র ব শ মানুষঃ	উত্তরভাদ্র ষ স হ মানুষঃ	রেবতী ল ক্ষ অং অঃ দেবঃ

মন্ত্রগ্রহীতার জন্মনক্ষত্র এবং মন্ত্রের আদি অক্ষর যে গৃহে থাকে সেই গৃহগত নক্ষত্র যে গণ হইবে, উহা লইয়া গণনা করিবে। স্বজাতিতে পরমা প্রীতি ভিন্ন জাতিতে মধ্যমা প্রীতি রাক্ষস ও

---

* নক্ষত্র চক্র প্রমাণ।—অ আ অশ্বিনী দেবঃ। ই ঈ ভরণী মানুষঃ। উ ঊ কৃত্তিকা রাক্ষসঃ। ঋ ৠ ঌ ৡ রোহিণী মানুষঃ। এ মৃগশিরো দেবঃ। ঐ আর্দ্রা মানুষঃ। ও ঔ পুনর্ব্বসুর্দেবঃ ক পুষ্যা দেবঃ। খ গ অশ্লেষা রাক্ষসঃ। ঘ ঙ মঘা রাক্ষসঃ। চ পূর্ব্বফল্গুণী মানুষঃ। ছ জ উত্তর-ফল্গুণী মানুষঃ। ঝ ঞ হস্তা দেবঃ। ট ঠ চিত্রা রাক্ষসঃ। ড স্বাতী দেবঃ। ঢ ণ বিশাখা রাক্ষসঃ। ত থ দ অনুরাধা দেবঃ। ধ জ্যেষ্ঠা রাক্ষসঃ। ন প ফ মূলা রাক্ষসঃ। ব পূর্ব্বাষাঢা মানুষঃ। ভ উত্তরাষাঢ়া মানুষঃ। ম শ্রবণা দেবঃ। য র ধনিষ্ঠা রাক্ষসঃ। ল শতভিষা রাক্ষসঃ। ব শ পূর্ব্বভাদ্রপদা মানুষঃ। ষ স হ উত্তরভাদ্র মানুষঃ। অং অঃ ল ক্ষ রেবতী দেবঃ। বৃহচ্ছ্রীক্রমে। উত্তরাদ্দক্ষিণাগ্রাস্তু রেখাং কুর্য্যাচ্চতুষ্টয়ীং। দশরেখাঃ পশ্চিমাঃ স্যুঃ, কর্ত্তব্যা বীরবন্দিতে। অশ্বিন্যাদি ক্রমেণৈব লিখেত্তারকাঃ পুনঃ। অকারাদি ককারান্তান্ দ্বি চন্দ্র-বহ্নি বেদকান্। ভূমীন্দুনেত্র চন্দ্রাশ্চ অশ্লেষান্তং খগৌ প্রিয়ে। দ্বি ভূনেত্র নেত্রযুগ্মাং- শ্চেন্দুনেত্রাগ্নি যুগ্মকান্। মঘাদিকোপি জ্যেষ্ঠান্তং দ্বিতীয়ং

দেবগণে শত্রুতা এবং রাক্ষস ও মানুষগণে বিনাশ, সুতরাং শত্রু বা বিনাশক মন্ত্র অগ্রাহ্য। গণমিলন দ্বারা মন্ত্র নির্ণয় হইলে জন্ম সম্পদাদি নব নব তারকা গণনা দ্বারা শুভাশুভ জানিবে, ইহার

নব তারকং। বহ্নিভূমীন্দুচন্দ্রাংশ্চ যুগ্মেন্দু-নেত্রবহ্নিকান্। বেদেন ভেদিতান্ বর্ণান্ রেবত্যন্তং গতান্ ক্রমাৎ।

তথা চ নিবন্ধে, পূর্ব্বোত্তর ত্রয়ঞ্চৈব ভরণ্যার্দ্রাথ রোহিণী। ইমানি মানুষান্যাহু-র্নক্ষত্রাণি মনীষিণঃ। জ্যেষ্ঠা শতভিষা মূলা ধনিষ্ঠাশ্লেষ কৃত্তিকাঃ। চিত্রা মঘা বিশাখাঃ স্যু স্তারা রাক্ষস দেবতাঃ। অশ্বিনী রেবতী পুষ্যা স্বাতী হস্তা পুনর্ব্বসুঃ। অনুরাধা মৃগশিরঃ শ্রবণা দেবতারকাঃ। স্বজাতৌ পরমা প্রীতির্ম্মধ্যমা ভিন্নজাতিষু। রক্ষো মানুষয়োর্নাশো বৈরং দানবদেবয়োঃ। জন্ম সম্পৎ বিপৎ ক্ষেমঃ প্রত্যরিঃ সাধকো বধঃ। মিত্রং পরমমিত্রঞ্চ জন্মাদিনি পুনঃ পুনঃ। জন্ম-তৃতীয়-পঞ্চম-সপ্তমানি নক্ষত্রাণি বর্জনীয়ানি। স্বনক্ষত্রাদেব নক্ষত্রং গণনীয়ং। স্বনক্ষত্রাজ্ঞানে স্বনামাদ্য-ক্ষরসম্বন্ধি নক্ষত্রাদেব নক্ষত্রং গণনীয়ং। যতঃ প্রণষ্টং জন্মভং যস্য তস্য নামার্ক্ষতো ভবেৎ। প্রদক্ষিণেন গণয়েৎ সাধকাদ্যক্ষরাৎ সুধীঃ॥

গণনার নিয়ম এই আত্মজন্ম নক্ষত্র হইতে জন্ম সম্পদ, বিপদ, ক্ষেম, প্রত্যরি, সাধক, বধ, মিত্র ও পরমমিত্র ৯। এই নয়টি তাবা তিনবার গণনায় সাতাইশটি নক্ষত্র পূবণ হইবে, সুতরাং দশম তাবা এবং বিংশতি তারাও জন্ম তাবা, এইক্রমে তিনটি জন্ম তিনটি সম্পদ ইত্যাদি হইবে। জন্ম নক্ষত্র হইতে পূর্ব্বোক্তরূপ গণনায় মন্ত্রের নক্ষত্র মিত্র বা শত্রু যে ভাবের হইবে, উহার নামানুসারে তদ্রূপ শুভাশুভ ফল গণ্য কবিতে হইবে।

অকথহ বা সিদ্ধাদি চক্র।

অ ক থ হ	উ ঙ প	আ খ দ	উ চ ফ
ও ড ব	১ ঝ ম	ঔ ঢ শ	ঃ ঞ ষ
ঈ ঘ ন	ঋ ঝ ভ	ই গ ধ	ঋ ছ ব
অঃ ত স	ঐ ঠ ল	অং ণ য	এ ট র

অকথহ্ বা সিদ্ধাদি চক্র।

উপবিস্থিত পঞ্চরেখায় অঙ্কিত ষোড়শ কোষ্ঠে বর্ণ বিন্যাস করিয়া, পরে ঐ গৃহকে প্রথমোক্ত

চারি কোষ্ঠ জ্ঞানে বিচার করিবে, ঐ চারি কোষ্ঠের নাম হইবে, সিদ্ধ ১ সাধ্য ২ সুসিদ্ধ ৩ অরি ৪। তৎপরে, মন্ত্রগ্রহীতার নামের আদ্যক্ষর যে গৃহে আছে সেই গৃহ হইতে দক্ষিণাবর্ত্তে মন্ত্রের আদ্যক্ষর যে কোষ্ঠে থাকে সেই কোষ্ঠ পর্য্যন্ত গণনা করিয়া, যদি ঐ মন্ত্রে চতুর্থ কোষ্ঠস্থিত অরি হয় তাহা হইলে উহা ঘাতক সুতরাং অগ্রাহ্য। সিদ্ধ মন্ত্র বিলম্বে সিদ্ধ হয়, সাধ্য জপহোম দ্বারা এবং সুসিদ্ধ মন্ত্র কেবল জপদ্বারা শীঘ্র সিদ্ধ হয়। ইহাকে অকথহ বা সিদ্ধাদি চক্র বলে।

বিশ্বসারে। চতুরস্রং লিখেৎ কোষ্ঠং চতুঃকোষ্ঠ সমন্বিতং। পুনশ্চতুষ্কং তত্রাপি লিখেদ্ধীমান্ ক্রমেণ তু। ততঃ ষোড়শকোষ্ঠেষু অকাবাদি বর্ণান্ প্রাদক্ষিণ্যেন লিখেৎ। ইন্দ্বগ্নিরুদ্র নবনেত্র যুগকর্ক দিক্ষু ঋত্বষ্ট ষোড়শ চতুর্দ্দশ ভৌতিকেষু। পাতাল পঞ্চদশ বহ্নি হিমাংশু কোষ্ঠে। বর্ণাল্লিখেল্লিপিভবান্ ক্রমশস্তু ধীমান্। নামাদ্যক্ষরমারভ্য যাবন্মন্ত্রাদিমাক্ষরং। চতুর্ভিঃ কোষ্ঠৈরেকৈকমিতি কোষ্ঠচতুষ্টয়ং। পুনঃ কোষ্ঠগকোষ্ঠেষু সব্যতো নাম আদিতঃ। সিদ্ধঃ সাধ্যঃ সুসিদ্ধোঽরিঃ ক্রমাজ্জ্ঞেয়া বিচক্ষণৈঃ সব্যতো দক্ষিণতঃ। সিদ্ধঃ সিদ্ধতি কালেন সাধ্যস্তু জপহোমতঃ। সুসিদ্ধো গ্রহণাদেব রিপুর্মূলং নিকৃন্ততি।

অকড়ম চক্র।



উল্লিখিত নিয়মে মন্ত্র অরি না হইলে পর, চারি কোষ্ঠে বিভক্ত ঐ চক্রের এক এক কোষ্ঠকে পুনশ্চ চারি চারি ভাগে বিভক্তজ্ঞানে উহাতে সাধক ও মন্ত্রের আদ্যক্ষর অনুসারে পূর্ব্ববৎ সিদ্ধাদি গণনা এইরূপে করিবে, যথা,—

সিদ্ধ সিদ্ধ ১ সিদ্ধ-সাধ্য ২ সিদ্ধ সুসিদ্ধ ৩ সিদ্ধ অরি ৪। এইরূপ সাধ্যগৃহে সাধ্য-সিদ্ধ ১ সাধ্য-সাধ্য ২ ইত্যাদি। সাধ্য-সাধ্য মন্ত্র নিরর্থক। সুসিদ্ধ-অরি বা অরি-সাধ্য ইত্যাদি অরি সংক্রান্ত মন্ত্র সর্ব্বত্রই ত্যাজ্য।

অকড়ম চক্রের বিবরণ, এই চক্র রাশিচক্রের ন্যায় অঙ্কিত করিয়া, প্রথম গৃহে 'অ ক ড় ম' ইত্যাদি যথাক্রমে বর্ণ বিন্যাস হইলে পরে, মন্ত্রগ্রহীতার নামের আদি অক্ষর হইতে মন্ত্রের আদি অক্ষর পর্য্যন্ত দক্ষিণাবর্ত্তে সিদ্ধ, সাধ্য, সুসিদ্ধ, অরি, এইক্রমে গণনা করিতে হইবে, এই প্রকার গণনায় যদি মন্ত্র সিদ্ধ সাধ্য ও সুসিদ্ধ হয়, তাহা হইলে সেই মন্ত্র গ্রহণে সাধকের শুভ ফল হয়, অরিমন্ত্র গ্রহণে সর্ব্বত্র অশুভ ঘটনা হয়।

---

* রেখাদ্বয়ং পূর্ব্বপরেন কুর্য্যাত্তন্মধ্যতো যাম্যকুবেরভেদাৎ। মহেশ রক্ষোঽধিপতিক্রমেণ তির্যক্ তথা বায়ুহুতাশনেন। অকারাদি ক্ষকারান্তান্ ক্লীবহীনান্ লিখেত্ততঃ। ঋ ৠ বর্ণদ্বয়ং ৯ ৯ তদ্ধি ক্লীবং প্রচক্ষ্যতে। একৈকক্রমতো লেখ্যান্ মেষাদিষু বৃষান্তকান্। গণয়েৎ ক্রমশো ভদ্রে নামাদি বর্ণপূর্ব্বকান্। মেষাদিতোঽপি মীনান্তং গণয়েৎ ক্রমশঃ সুধীঃ। জপ্তুঃ স্বনামতো মন্ত্রী যাবন্মন্ত্রাদিমাক্ষরং। রত্নাবল্যাং। দ্বাদশাখ্যে রাশিচক্রে কূটষণ্ড বিবর্জ্জিতান। আদি হান্তান লিখেদ্বর্ণান্ পুরতো যাবদীশ্বরং। সিদ্ধসাধ্য সুসিদ্ধারীন্ পুনঃ সিদ্ধাদয়ঃ পুনঃ॥

[ব্রঃ তৃ— ৯]

ঋণীধনী চক্র।



সর্ব্বাগ্রে সকল মন্ত্র সম্বন্ধেই এই ঋণী ধনী চক্র দেখা প্রয়োজন *। বিবরণ যথা, উপরি লিখিত একাদশ ঘরে ছয় হইতে তিন পর্য্যন্ত যে একাদশটি অঙ্ক লিখিত হইয়াছে উহাকে সাধ্যাঙ্ক অর্থাৎ মন্ত্রের অঙ্ক কহে। আর নিম্ন পংক্তিতে দুই হইতে এক পর্য্যন্ত যে একাদশটি অঙ্ক লিখিত আছে, উহাকে সাধকাঙ্ক অর্থাৎ মন্ত্র গ্রহীতার অঙ্ক কহে।

---

* কোষ্টান্তেকাদশান্তেষু বেদেন পূরিতানি চ। অকারাদি হকারান্তান লিখেৎ কোষ্ঠেষু তত্ত্ববিৎ। প্রথমং পঞ্চকোষ্ঠেষু হ্রস্বদীর্ঘ ক্রমেণ তু। দ্বয়ং দ্বয়ং লিখেত্তত্র বিচারে খলু সাধকঃ। শেষেষ্বেকৈকশো বর্ণান্ ক্রমশস্তু লিখেৎ সুধীঃ। তথা দ্বৌ দ্বৌ স্ববৌ পঞ্চসু কোষ্ঠেষু শেষান্ শরান্ ষড়েকমেকং। কাদীন্ হশেষান্ বিলিখেত্ততোঽর্ণান্ একৈকমেকাদশকোষ্ঠকেষু। ষট্কালকাল বিয়দগ্নি-সমুদ্রবেদ-খাকাশ শূন্যদহনাঃ খলু সাধ্যবর্ণাঃ। যুগ্ম দ্বি-পঞ্চবিয়দম্বব যুক্‌শশাঙ্ক ব্যোমাব্ধি-বেদশশিনঃ খলু-সাধকার্ণাঃ। নামাজ্ ঝলাদকঠবাদ্ গজভুক্তশেষং জ্ঞাত্বোভয়োরধিক শেষমৃণং ধনং স্যাৎ। মন্ত্রে যদ্যধিকাঙ্কঃ স্যাত্তদা মন্ত্রং জপেৎ সুধীঃ। সমেপি চ জপেন্মন্ত্রং ন জপেত্তু ঋণাধিকে। শূন্যে মৃত্যুং বিজানীয়াৎ তস্মাৎ শূন্যং পরিত্যজেৎ। ঋণাধিকে ধনে।

উক্ত চক্রদ্বারা গণনার নিয়ম এই, মন্ত্রের স্বর ও ব্যঞ্জন বর্ণ সকল পৃথক পৃথক করিয়া রাখিবে, এইরূপ করিলে যে যে বর্ণ দৃষ্ট হইবে, ঐ সকল বর্ণ চক্রের যে যে কোষ্ঠায় আছে, সেই সেই কোষ্ঠার উপরি ভাগে যে সকল অঙ্ক লিখিত আছে প্রত্যেক অক্ষরের সেই সকল অঙ্ক লইয়া একত্র যোগ করিবে, পরে যোগফল অঙ্ককে আট দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকে, তাহা একস্থানে রাখিবে। তৎপরে মন্ত্র গ্রহীতার নামের স্বর ও ব্যঞ্জন বর্ণ সকল পৃথক্ পৃথক্ করিয়া ঐ সকল বর্ণের কোষ্ঠের নিম্নবর্ত্তী অঙ্ক সকল একত্র পূর্ব্ববৎ যোগ করিবে এবং উহাকে আট দিয়া ভাগ করিয়া ঐ ভাগশেষ অঙ্ক এবং পূর্ব্বস্থাপিত ভাগশেষ অঙ্ক উভয় মিলাইয়া দেখিতে হইবে, যাহার ভাগশেষ অধিক তাহা ঋণী এবং যে অঙ্ক ন্যূন তাহা ধনী। যদি মন্ত্রাঙ্ক অধিক হয় নামাঙ্ক কম হয় তাহা হইলে সেই ঋণী মন্ত্র গ্রহণ করিবে, মন্ত্রাঙ্ক ধনী হইলে সেই মন্ত্র বিফল সুতরাং অগ্রাহ্য। আর যদি মন্ত্রাঙ্ক ও নামাঙ্ক দুই সমান হয় তাহাও গ্রাহ্য। উভয়াঙ্ক শূন্য হইলে ঐ মন্ত্র গ্রহণে গ্রহীতার মৃত্যু হয়। এই সকল স্থলে নামগ্রহণে শ্রীশব্দ এবং দেবশর্ম্মা প্রভৃতি উপাধি ত্যাগ করিয়া প্রসিদ্ধ নাম লইবে। পূর্ব্বোক্ত অঙ্ক সকল অন্যান্য প্রকারেও ভাগাদি করা যায়। ১০০

দৃষ্টান্ত যথা,—'হরিদাস' নামক ব্যক্তি 'কৃষ্ণ' এই মন্ত্র গ্রহণ করিতে পারে কি না? এক্ষণে সাধক 'হরিদাস নাম পৃথক কর এবং অক্ষর অনুসারে সাধকাঙ্ক বসাও, যথা,—হ ১, অ ২, র ৯, ই ২, দ ১,

আ ২, স ৪, অ ২, এই সকল অঙ্ক একযোগে চৌদ্দ হয়, চৌদ্দকে আট দিয়া ভাগ দিলে ভাগশেষ ছয় থাকে। এইরূপে 'কৃষ্ণ' সাধ্যমন্ত্র দেখ, যথা,—ক ৬, ৯ ০, ষ ০, ণ ০, অ ৬, একত্রযোগে হইল বার, আট দিয়া ভাগ দিয়া ভাগশেষ থাকিল চার, সুতরাং সাধকাঙ্ক অপেক্ষা মন্ত্রাঙ্ক ন্যূন হওয়ায় মন্ত্র ধনী হইল বলিয়া 'কৃষ্ণ' এই মন্ত্রটি হরিদাস নামে হইবে না।

সংক্ষেপ দীক্ষা প্রয়োগ।

শিষ্য পূর্ব্বদিন হবিষ্যাশী থাকিয়া, পরদিন প্রত্যূষে নিত্যক্রিয়াদি সমাধা পূর্ব্বক ব্রাহ্মণ জ্ঞাতাজ্ঞাত পাপক্ষয়ার্থ অষ্টোত্তর সহস্র বা একশত আটবার সাবিত্রী জপ করিবে। ১০১

পরে, গণেশাদিকে গন্ধপুষ্প দিয়া, স্বস্তিবাচন পূর্ব্বক দীক্ষানিমিত্তক সঙ্কল্প করিবে, যথা—অদ্য অমুকে মাসি অমুকে রাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা ধর্ম্মার্থকামমোক্ষ প্রাপ্তিকামঃ অমুক দেবতায়া ইয়দক্ষরী মন্ত্রগ্রহণমহং করিষ্যে।

বরণ।—করযোড়ে গুরুকে বলিবে, সাধু ভবানাস্তাং। সাধ্বহমাসে। অর্চ্চয়িষ্যামো ভবন্তং। অর্চ্চয়। গন্ধপুষ্পাদি দ্বারা জানু ধরিয়া,—অদ্যেত্যাদি—মৎসঙ্কল্পিত অমুক

দেবতায়া ইয়দক্ষরী মন্ত্রগ্রহণকর্ম্মণি গুরুকর্ম্মকবণায অমুক গোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণং এভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্চ্য গুরুত্বেন ভবন্তমহং বৃণে। গুরু, বৃতোঽস্মি। শিষ্য, যথাবিহিতং গুরু কর্ম্ম কুরু। গুরু, যথাজ্ঞানং করবাণি।

তৎপরে, ঘটে * বাণলিঙ্গে কিম্বা শালগ্রামে অথবা চন্দনাদি দ্বারা তাম্রপাত্রে দেবতার যন্ত্র অঙ্কিত করিয়া, স্ব স্ব পদ্ধতি অনুসারে ন্যাসাদির অনুষ্ঠান পূর্ব্বক ইষ্টদেবতার ধ্যানানন্তর ষোড়শোপচারে পূজা † (সৎকর্ম্মমালা ১ম ভাগে দেখ) করিবে।

পরে, তান্ত্রিকবিধানে প্রদেয স্বাহান্ত মন্ত্রে অষ্টোত্তর শতবার পূজিত দেবতার হোম করিবে। ১০২
(ষষ্ঠভাগ সৎকর্ম্মমালা দেখ)

---

* কোন কোন পদ্ধতির মতে পঞ্চরত্ন সমন্বিত ঘটস্থাপন পূর্ব্বক উহাতে নবরত্ন নিঃক্ষেপ করিয়া ঐ ঘটে দেবতার পূজা করিয়া ঐ ঘটস্থ জলদ্বারা অভিষেক করা হইয়া থাকে।

† দেবতা বিশেষে উপচার দ্রব্যের এবং পূজা মন্ত্রাদির যাহা বিশেষ তাহা যথাস্থানে যোজনা করিবে।

তৎপরে শিষ্যকে সমীপে (উত্তরাভিমুখে) বসাইয়া সংস্থাপিত ঘটজলে বা কোশার উপর অষ্টোত্তর শতবার দেয় মন্ত্র জপানন্তর ঐ জলদ্বারা শিষ্যের মস্তকে অভিষেক অর্থাৎ কলসমুদ্রাদ্বারা মস্তকে সিঞ্চন করিবে। 'ওঁ সহস্রারে হুং ফট্' এইমন্ত্রে শিষ্যের শিখাবন্ধন পূর্ব্বক শিষ্যের মস্তকে অষ্টোত্তর শতবার ঐ দেয়মন্ত্র জপ করিবে। গুরু শিষ্যহস্তে জল দিয়া বলিবেন,—'অমুক মন্ত্রং তে দদানি' আবয়ো-স্তুল্য ফলদো ভবতু। শিষ্য বলিবেন দদস্ব। পরে, পূর্ব্বাভিমুখ গুরু, দেয় মন্ত্রটি প্রণব পুটিত করিয়া সাতবার জপানন্তর কেবল মন্ত্র অষ্টোত্তর শতবার জপ করিবেন। পুনশ্চ ঐ মন্ত্র প্রণব পুটিত করিয়া সাতবার জপ করিবেন *। তৎপরে, গুরু শিষ্যদেহে ঋষ্যাদি ন্যাস করিলে, শিষ্য পশ্চিমাস্য ও আচ্ছাদিত মস্তক হইয়া, উভয় হস্তদ্বারা যথাক্রমে গুরুর উভয়পাদ ধারণ পূর্ব্বক অবস্থান করিবেন। পরে, গুরু শিষ্যের দক্ষিণকর্ণে ঋষিছন্দাদি যুক্ত বীজমন্ত্র

* প্রতিদিন জপকালে আদ্যন্তে মন্ত্রকে প্রণব পুটিত করিয়া ব্রাহ্মণের সপ্তবার জপ করিবার বিধান আছে।

সুস্পষ্টরূপে একবার (কোন মতে তিনবার) উচ্চারণ করিবেন, পুনশ্চ ঐরূপ মন্ত্র শিষ্যের বামকর্ণেও শুনাইবেন। (স্ত্রী বা শূদ্রের কেবল বামকর্ণে মন্ত্র তিনবার শুনাইবেন)।

পরে, শিষ্য, গুরু মন্ত্র ও দেবতার একত্ব ভাবনা করিয়া, বীজমন্ত্র প্রথমতঃ আটবার জপ পূর্ব্বক অষ্টোত্তর শতবার জপ করিবেন।

তৎপরে, গুরুচরণে দণ্ডবৎ পতিত হইয়া প্রণাম করিবেন, মন্ত্র যথা,—নমস্তে নাথ ভগবন্ শিবায় গুরুরূপিণে। বিদ্যাবতারসংসিদ্ধ্যৈ স্বীকৃতানেকবিগ্রহ। নারায়ণস্বরূপায় পরমাত্মৈক-মূর্ত্তয়ে। সর্ব্বজ্ঞান-তমোভেদ ভানবে চিদ্‌ঘনায়তে। স্বতন্ত্রায় দয়াকল্পিত-বিগ্রহায় শিবাত্মনে। পরতন্ত্রায় ভক্তানাং ভব্যানাং ভব্যরূপিণে। বিবেকানাং বিবেকায় বিমর্শায় বিমর্শিনাং। প্রকাশানাং প্রকাশায় জ্ঞানিনাং জ্ঞানরূপিণে। তৎপ্রসাদাদহং দেব কৃতকৃত্যোঽস্মি সর্ব্বতঃ। মায়া মৃত্যু-মহাপাশাৎ বিমুক্তোঽস্মি শিবোঽস্মি চ।

পরে গুরু, শিষ্যের হস্তধারণ পূর্ব্বক উত্তোলন করিয়া মঙ্গল কামনা করিবেন,—উত্তিষ্ঠ বৎস মুক্তোঽসি সম্যগাচারবান্ ভব। কীর্ত্তি-শ্রীকান্তি পুত্রায়ু র্বলারোগ্যং সদাস্তু তে॥

তৎপরে, শিষ্য দক্ষিণান্ত করিবেন,—অদ্যেত্যাদি—কৃতৈতৎ অমুক দেবতায়া অমুক মন্ত্রগ্রহণ কর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণামেতৎ সুবর্ণমূল্যং রজতমর্চ্চিতং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভবগোত্রায় শ্রীঅমুকদেবশর্ম্মণে গুরবে তুভ্যমহং সম্প্রদদে *। অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবে।

শিষ্য পুনশ্চ অষ্টাধিত শতবাব মন্ত্র জপ করিযা, (সঞ্চারী শক্তি লাভার্থ) তিনদিন গুরুর নিকটে বাস করিবেন এবং গুরুও আত্মশক্তিরক্ষার্থ অষ্টোত্তর শতবার মন্ত্র জপ করিবেন। দীক্ষাদিবসে কেহই উপবাস করিবেন না। ইতি দীক্ষা পদ্ধতি সমাপ্তা।

গুরবে দক্ষিণাং দদ্যাৎ প্রত্যক্ষায় শিবাত্মনে। সর্ব্বস্বং বা তদর্দ্ধং বা তদর্দ্ধং বা তদাজ্ঞয়া। শতং জপেৎ তদগ্রস্থো নিকটে ত্রিদিনং বসেৎ। নচেৎ সঞ্চারিণী শক্তির্গুর্কমেতি ন সংশয়ঃ॥ অষ্টাধিক সহস্রং বা শতং বাপি বিধানতঃ। স্বশক্তিরক্ষণার্থায় গুরুমন্ত্রং তদা জপেৎ॥ রবিসংক্রান্তিদিবসে গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ। বোধনে চৈব দুর্গায়া কালাকালং ন শোধয়েৎ। শুক্রাস্তো যদি বা বৃদ্ধো গুর্ব্বাদিত্যো ভবেদ্যদি। বৃষ বৃশ্চিকসিংহেষু তদা দোষো ন বিদ্যতে।

বুধাষ্টমী ব্রত *।

প্রাতঃ কৃত্য সমাধা পূর্ব্বক স্বস্তিবাচন করিয়া সঙ্কল্প করিবে,—অদ্যামুকে মাসি শুক্লেপক্ষে বুধবারাধিকরণক অষ্টম্যাং তিথাবারভ্য (দ্বিতীয় বারে আরভ্য বলিবে না, তিথৌ বলিবে) অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী, ব্রহ্মস্বহরণ পাপক্ষয় সকলবাঞ্ছিতপ্রাপ্তি স্বর্গলোকগমন কামা (শ্রীবিষ্ণুপ্রীতিকামা বা) যথোক্তবিধিনা বুধাষ্টমী ব্রতমহং করিষ্যে।

পুরোহিত অষ্টদল পদ্মনির্ম্মাণ করিয়া, সামান্যার্ঘ্য, আসন শুদ্ধি, ভূতশুদ্ধি, প্রাণায়াম, ষড়ঙ্গন্যাস পূর্ব্বক গণেশাদিকে গন্ধ পুষ্প দিয়া, ষোড়শোপচারে শিব ও দুর্গার পূজা করিবে।

বুধাষ্টমী ব্রত প্রমাণ।—মৎসরাজমার্ত্তণ্ডে। শশপুত্র সমাযুক্তা শুক্লপক্ষেঽষ্টমী চ যা। তস্যাং নিয়ম-কর্ত্তারো নস্যুঃ খণ্ডিতসম্পদঃ। পতঙ্গে মকরে জাতে দেবে জাগ্রতি মাধবে। বুধাষ্টমীং প্রকুর্ব্বীত বর্জ্জয়িত্বা চ চৈত্রকং। প্রসুপ্তে চ জগন্নাথে, সন্ধ্যাকালে মধৌ তথা। বুধাষ্টমীং ন কুর্ব্বীত কৃতে হন্তি পুরাতনং॥ যোঽষ্টমীং বুধযুতাং ভক্ত্যা সংপূজয়েন্নরঃ। মৃতোঽসৌ স্বর্গমাপ্নোতি বুধস্য চ পুরীং নরঃ। এবমেষা সমাখ্যাতা গুহ্যা পার্থ বুধাষ্টমী। যাং কৃত্বা ব্রহ্মহা গোঘ্নঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥

দুর্গাধ্যান,—কালাভ্রাভাং কটাক্ষৈ ররিকুল ভয়দাং মৌলিবদ্ধেন্দু-খণ্ডাং শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপিকরৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাং। সিংহস্কন্ধাধিরূঢাং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং ধ্যাযেদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ ॥

পূজান্তে অষ্টফল দুর্গাকে নিবেদন করিযা দিযা, আবরণ পূজা করিবে,—ওঁ ব্রাহ্ম্যৈ নমঃ, (এইক্রমে) গৌরী, বৈষ্ণবী, মাহেশ্বরী, শিবদূতী, বারাহী, নারসিংহী, কৌমারী, ইন্দ্রাণী, চামুণ্ডা, মহালক্ষ্মী, ভদ্রকালী, আদিত্যাদিনবগ্রহ, ইন্দ্রাদিদিক্‌পাল, বিজযা। পরে, প্রাণাযাম পূর্ব্বক জপ করিযা, গুহ্যাতি-মন্ত্রে জপ অর্পণ পূর্ব্বক পুনঃ প্রাণাযাম ও প্রণাম করিবে।

বুধধ্যান।—ততো দেবং বুধং সৌম্যং সর্ব্বাভরণভূষিতং। প্রিয়ঙ্গুকলিকাশ্যামং পীতাম্বরধরং শুভং। বরদাভযহস্তঞ্চ রত্নমৌলিবিরাজিতং। দিব্যসিংহাসনাসীনং চারুহাসং সুখপ্রদং ॥ ষোডশোপচারে পূজা করিযা, গন্ধ পুষ্প দ্বারা আবরণ পূজা করিবে, যথা,—ধর্ম্মায়, জ্ঞানায়, বৈরাগ্যায, ঐশ্বর্য্যায অধর্ম্মায়, অজ্ঞানায়, অবৈরাজ্ঞায়, অনৈশ্বর্য্যায়, আধারশক্তয়ে, কূর্ম্মায়, পৃথিব্যৈ, অনন্তায়, পদ্মায়, মৎস্যাদি দশাবতারেভ্যঃ, দ্বাদশাদিত্যেভ্যঃ

গৌর্য্যাদিষোড়শমাতৃকাভ্যঃ, লক্ষ্ম্যৈ, নারায়ণায়, সরস্বত্যৈ, গঙ্গায়ৈ, যমুনায়ৈ, সর্ব্বাভ্যো দেবীভ্যঃ, সর্ব্বেভ্যো দেবেভ্যঃ। পরে, 'ওঁ বুধায় নমঃ' মন্ত্র দশবার জপান্তে গুহ্যাতি—মন্ত্রে জল দিবে। প্রণাম করিবে।

তৎপরে, সভোজ্য জলপূর্ণ ঘট উৎসর্গ করিয়া, ঐদিন স্বীয় ভোজনার্থ অষ্টমুষ্টি মাত্র তণ্ডুল বুধকে নিবেদন করিয়া দিয়া বলিবে,—ওঁ বুধোঽয়ং প্রতিগৃহ্লাতু দ্রব্যস্থশ্চ বুধঃ স্বয়ং। দীপ্যতে বুধরাজোঽয়ং তুষ্যতাং মে বুধো নমঃ॥ ওঁ দুর্ব্বোধবোধং তিমিরং নাশয়িত্বা চ মে বুধ। সৌম্য সৌমনসং নিত্যং করোতু শশিনন্দন।

বুধাষ্টমীব্রত কথা।—ক্ষেত্রজ্ঞায় নমস্তভ্যং বুধায় বরদায় চ। যস্য পাদপ্রসাদেন প্রাপ্যতে বাঞ্ছিতং ফলং যত্র ত্রৈলোক্যসৌন্দর্য্য পুরে পাটলিপুত্রকে। বভুবাশেষ ধর্ম্মজ্ঞো বীরোনাম দ্বিজোত্তমঃ॥ তস্য ভার্য্যা ভবেদ্রম্ভা নাম্না পুত্রোঽস্তি কৌশিকঃ। দুহিতা বিজয়া তস্য সুরূপা চাতিদুর্ল্লভা। অশেষগুণসম্পন্না। বিখ্যাতা যৌবনান্বিতা। বীরস্যাতিদরিদ্রস্য মতিজ্ঞাতা মহাত্মনঃ॥ শিবমারাধয়িষ্যামি তদা প্রাপ্নোমি সম্পদং। শিবোঽপি ভক্তিভাবেন তস্মৈ প্রাদাদ্বৃষোত্তমং॥ বৃষস্য তস্য রক্ষার্থং ভগবান্ কৌশিকোমুদা।

অরণ্যে বৃষপালশ্চ ক্রীড়িতো জাহ্নবীতটে॥ পার্শ্বেন তস্করেণাপি হৃতোগোধনপালকঃ। ন দৃষ্ট্বা বৃষভং তত্র কৌশিকশ্চিন্তিতোঽভবৎ। সর্ব্বত্র ভ্রমতে তত্র বৃষং কুত্র ন পশ্যতি॥ এতস্মিন্নেব কালে তু ভগিনী তস্য ধীমতঃ। ঘটমাদায় বিজয়া পানীয়ং নেতুমাগতা॥ বিজয়া ভ্রাতরং দৃষ্ট্বা বৃষভার্থমপৃচ্ছতি। কৌশিকেন সমাখ্যাতা বৃষশ্চারয়িতো ময়া॥ এতস্মিন্নেব বিজনে বৃষো ন প্রাপ্যতে কুতঃ। বিজয়া-কৌশিকশ্চৈব ভ্রমতঃ সকলে বনে॥ ক্ষুধার্ত্তৌ তৌ পুনঃ সর্ব্বং ভ্রমিত্বা চিন্তিতৌ তদা। বুভুক্ষিতৌ পথি-গতৌ জগ্মতুস্তৌ সরোবরে॥ বুধাষ্টমীব্রতং কর্ত্তুং সর্ব্বপাপহরং শুভং। স্বর্গাৎ সমাগতান্ সর্ব্বানপ্সরো দেবতাগণান্। দৃষ্ট্বা চাতিথিরূপেণ ভোজনার্থমুপাগতৌ। ভোজনং দীয়তাং দেব্যঃ ক্ষুধাব্যাকুলচেতসৌ ১০৯
অপ্সরাউবাচ। বুধাষ্টমীব্রতং কর্ত্তুং সর্ব্বৈরাগত্য স্থীয়তে। বুভুক্ষিতায় দাতব্যমিহ কিঞ্চিন্ন বিদ্যতে॥ ফলপুষ্পাদিকং কিঞ্চিদ্বিদ্যতেঽত্র সমুত্থিতং। কর্ত্তব্যো যদি বাঞ্ছা স্যাৎ ব্রতমেতদ্বিধীয়তে। বিজয়াকৌশি-কাবুক্ত-বন্তৌ বিস্তার্য্য তত্ত্বতঃ॥ বিজয়াকৌশিকৌ উচতুঃ॥ কেনোপায়েন তো দেব্যঃ ক্রিয়তে ব্রতমুত্তমং॥ দেব্য উচুঃ॥ নানাফলৈশ্চ নৈবেদ্যৈ-র্ঘৃতধূপপ্রদীপকৈঃ। নারিকেলৈঃ কদলকৈঃ পূগৈ-র্ভক্ষ্যভক্ষ সংযুতৈঃ। নানাগন্ধৈর্জ্জলৈর্দেবীং সংপূজ্য ক্রিয়তে ব্রতং॥ দত্ত্বা শোভনবস্ত্রন্তু স্নাপয়িত্বা যথা-বিধিঃ। অন্নমুষ্টিতণ্ডুলন্তু-চাশনঞ্চ সমাহিতঃ। একগ্রন্থি তিন্তিড়ন্তু অষ্টখণ্ডৈশ্চ সংযুতং। অষ্টাস্রপুটকে

ব্রহ্মন্ ভুঞ্জানো ব্রতমাচরেৎ॥ পূর্ব্বে নিরামিষং কুর্য্যাৎ অবশ্যং ভূক্তিবৃদ্ধয়ে। অষ্টসংখ্যকপর্য্যন্তং ব্রতং কুর্য্যাজ্জিতেন্দ্রিয়ঃ॥ প্রথমং গোধূমচূর্ণং সঘৃতং গুড়সংযুতং। দ্বিতীয়ে তিলপিষ্টঞ্চ পায়সেন সমাযুতং। তৃতীয়ে দুগ্ধসংযুক্তং শর্করঞ্চ চতুর্থকে। যবচূর্ণদ্বয়ং প্রস্থং দধিযুক্তং মধুপ্লুতং॥ পঞ্চমে চ পঞ্চামৃতং ষষ্ঠে মুদ্গোক্ষুআর্দ্রকং। সপ্তমে চনকং পঞ্চ প্রস্থং দেয়ং ফলৈঃ সহ। অষ্টমে ঘৃতসংযুক্তং মধুদুগ্ধ মলড্-ডুকং। ভোজ্যঞ্চ ভোজনং দদ্যাৎ সপবিত্রং ফলান্বিতং॥ ইতি তে সর্ব্বমাখ্যাতং কিমন্যৎ শ্রোতুমর্হসি॥ দেবীনাং বচনং শ্রুত্বা উবাচ বিজয়া তদা। যুষ্মাভির্দীয়তাং কিঞ্চিৎ পুষ্পনৈবেদ্যমুত্তমং॥ যুষ্মাকঞ্চ প্রসাদেন আবাভ্যাং ক্রিয়তে ব্রতং॥ দয়াং কৃত্বা চ দেবীভি র্দত্তং কিঞ্চিৎ ফলাদিকং॥ গন্ধ- ১১০
পুষ্পাদিকং নীত্বা ততস্তৌ চেরতুর্ব্রতং। গণেশাদিগ্রহাংশ্চৈব দুর্গাং দেবীং প্রপূজ্য চ। কথাং শ্রুত্বা চ রাজেন্দ্র প্রণম্য চ পুনঃ পুনঃ। ব্রতন্তাভ্যাং তদা তাভ্যাং বরং দাতুং সমাগতা॥ দুর্গাদেবী ততঃ প্রাহ প্রোচ্যতাং বাঞ্ছিতং ফলং॥ কৌশিক উবাচ॥ অহং রাজা ভবিষ্যামি ত্বৎপ্রসাদান্মহেশ্বরি। হৃতং বৃষঞ্চ প্রাপ্স্যামি ঝটিতং সুরপূজিতে। বিজয়োবাচ। দেবপত্নী ভবিষ্যামি ত্বৎপ্রসাদাচ্চ পার্ব্বতি। এবমস্ত্বিতি তাভ্যাং তু তত্রৈবান্তরধীয়ত॥ ব্রতং কৃত্বা তদা সর্ব্বে আগচ্ছন্নিজমন্দিরং। সংপ্রাপ্তৌ বৃষভং হৃষ্টৌ তদানন্দসমাকুলৌ। আগতৌ স্বগৃহং তৌ চ ব্রতং কৃত্বা বুধাষ্টমীং॥ বৃষং বীক্ষ্য ততো বীরঃ

অপৃচ্ছং স পুনঃ পুনঃ। বৃষঃ প্রাপ্তঃ কুতঃ পুত্র তৎসর্ব্বং কথ্যতাং ময়ি॥ পিত্রে চ সর্ব্বমাখ্যাতং কৌশি-
কেন যথাক্রমং। বিজয়া যৌবনং দৃষ্ট্বা বীরস্যাপি প্রচিন্তনং॥ কস্মৈ দেয়া ইয়ং কন্যা ইতি চিন্তাপরো-
ঽভবৎ। বৃষং বিক্রীয় বিপ্রায় কন্যেয়ং দীয়তে ময়া॥ যোগ্যং যোগ্যং নচাপ্নোমি চিন্তয়ন্নিতি সোঽশৃণোৎ।
যমায় দীয়তাং কন্যাং আকাশাৎপতিতং বচঃ॥ এতস্মিন্নেব কালে তু তদ্দেশস্থো নৃপো মৃতঃ॥ সমালোচ্য
ততঃ সর্ব্বে মিলিত্বা মন্ত্রিমণ্ডলৈঃ। রাজশূন্যমিমং দেশং পালয়িষ্যতি কো নৃপঃ॥ কৌশিকো বীরপুত্রশ্চ
রাজযোগ্যো ন সংশয়ঃ। রাজলক্ষণসংযুক্তঃ সোঽপি রাজা ভবিষ্যতি॥ বুধাষ্টমীপ্রসাদেন কৌশিকো
রাজ্যমাপ্তবান্। বীরো হি বিজয়াং দৃষ্ট্বা সংমন্ত্র্য বন্ধুভিঃ সহ। কন্যাং দাতুং সমুদ্যুক্তো ব্রাহ্মণং সমপশ্যত। ১১১
সভামধ্যে ব্রবীদ্বিপ্রঃ কন্যাং মহ্যং প্রদীয়তাং। বীর উবাচ। কিং কুলং কস্য পুত্রস্ত্বং কস্মাত্ত্বমনুগচ্ছসি।
এতৎ কথয় মে শীঘ্রং তদা কন্যা প্রদীয়তে॥ ব্রাহ্মণ উবাচ। যমোঽহং ধর্ম্মরাজশ্চ কন্যাং নেতুং
সমাগতঃ॥ বীর উবাচ। যমো যদি স্বরূপেণ নিজরূপং প্রদর্শয়। যমোঽপি তদ্বচঃ শ্রুত্বা নিজরূপং
প্রদর্শিতং। ঘোরং ভয়ানকং তচ্চ রূপং ত্রৈলোক্যহারকং। এতদ্রূপং যমং দৃষ্ট্বা প্রাহ ভীতিযুতো দ্বিজঃ।
ত্যজ্যতাং ভবতা রূপং সৌম্যরূপং প্রকাশয়॥ ততঃ স ধর্ম্মরাজোঽপি সৌম্যং রূপমভূত্তদা। কন্যা মে
দীয়তাং বীর নাত্র কার্য্যা বিচারণা॥ ততঃ সুমঙ্গলং কৃত্বা তৎক্ষণাৎ দ্বিজসত্তমঃ। বিজয়াং দত্তবাংস্তস্মৈ

বিধিবৎ ধর্ম্মমাস্থিতঃ॥ গৃহীত্বা বিজয়াং কালঃ কৃতকৃত্যোঽভবত্তদা। ততঃ কালক্রমেণাথ বীরো যমবশং গতঃ। পত্ন্যা সহ মহাভাগঃ কর্ম্মপাশেন যন্ত্রিতঃ। ততঃ সা বিজয়া রাজ্ঞী ধর্ম্মরাজস্য বল্লভা। স্ত্রীণাং মধ্যে তু সুভগা শঙ্করস্য যথেশ্বরী॥ যথা শ্রীঃ কেশবস্যাপি শচী সুরপতেরিব। তয়া সহ যমো রাজা মুদা ক্রীড়াং করোতি চ। নিষিদ্ধা বিজয়া তেন দক্ষিণং মাগমিষ্যসি। ততশ্চঞ্চলচিত্তা সা বাল্যভাবাৎ পুনঃ পুনঃ। নিষিধ্যতে চ যৎকর্ত্তুং তৎকরোতি প্রযত্নতঃ। দিবসে চাপরে তত্র বিজয়া দক্ষিণং গতা। তত্রৈব নরকে ঘোরে পতিতাশ্চ সহস্রশঃ। দৃষ্ট্বা তান্ বিজয়া রাজ্ঞী দুঃখিতোবাচ সা তদা। অস্মাকং পিতরৌ কুত্র তিষ্ঠতাং নরকেষ্বিহ॥ তন্মাতা বিজয়াং প্রাহ পচন্তী নরকে স্থিতা। অহং তে দুঃখিনী মাতা পচামি নরকেষ্বিহ॥ রুদতী বিজয়োবাচ কিং কৃতং দুষ্কৃতং ত্বয়া। মাতোবাচ। ক্ষুধার্ত্তব্রাহ্মণায়ৈব ন দত্তং ভোজনং ময়া। ব্রহ্মস্বহরণং কিঞ্চিৎ কৃতং জ্ঞানমথাপি চ। পচেঽহং তেন পাপেন নান্যৎ পাপং কৃতং ময়া॥ ভীমোবাচ॥ প্রবোধ্য কিঙ্করান্ সর্ব্বানাগত্য নিজমন্দিরং। সুষ্বাপ স্থণ্ডিলে তত্র মাতৃশোকাতুরা হি সা॥ স্বামিনং দুঃখমায়াতং দৃষ্ট্বা চ রুদতী প্রিয়া। যস্যাহং দুহিতা সাচ নরকে তিষ্ঠতি প্রভো। তেন শোকেন শোকার্ত্তা চরণে পতিতাস্মি তে। দুহিতা কিং কৃতং দেব পুত্রেণ কিং কৃতং তয়োঃ। পিতরৌ নরকাদ্ঘোরাৎ ত্রায়েতাং মে সুরেশ্বর। যম উবাচ। ময়া ত্বং বারিতা দেবি দক্ষিণং মা গমিষ্যসি

কথং ত্বং মা-মনাদৃত্য তত্র গচ্ছসি সুন্দরি॥ নাতিশোকং ত্বয়া কার্য্যং শৃণু ভদ্রে বচো মম। পুরাকৃতৈশ্চ দোষৈশ্চ পচ্যতে নরকে নরঃ॥ তব মাতা মমাপ্যেষা তব তাতঃ পিতা মম। ন শক্যো নরকে ত্রাতুং নরান্ ধর্ম্মবিবর্জ্জিতান্॥ উপায়ং শৃণু ভদ্রে ত্বং যেন সা বৈ ন পচ্যতে। বুধাষ্টমীব্রতেনৈব সর্ব্বেষাং সদ্গতির্ভবেৎ। ভ্রাতরং প্রার্থয়িত্বা চ তৎকৃতা চ বুধাষ্টমীং। যদি দাস্যতি তে মাত্রে তৎক্ষণাৎ সা বিমুচ্যতে॥ তচ্ছ্রুত্বা বিজয়া তত্র যত্র তিষ্ঠতি কৌশিকঃ। আগতাং দুঃখিতাং দৃষ্ট্বা কৌশিকঃ প্রাহ বিস্মিতং। সাক্ষাৎ ত্বং ধর্ম্মরাজোঽসৌ নীত্বাঽগচ্ছৎ স্বমন্দিরং। আগতাসি কথং ভদ্রে ব্রূহি তৎ কথয়স্ব মে॥ বিজয়োবাচ। ভ্রাতঃ কিং বহুবক্তব্যং জীবিতঞ্চ যদা ময়া। শৃণুষ্ব কুরু তৎসর্ব্বং যদুক্তং ত্বাং সমাগতা॥ মাতা মে নরকে ঘোরে পচ্যতে কৃমিভোজনে। পরিত্রায়স্ব ভ্রাতর্মে জীবিতং যদি কাঙ্ক্ষসি। পুরাকৃতং ত্বয়া ভ্রাতর্বিদ্যতে চ বুধাষ্টমী। তস্যা একং ফলং দত্ত্বা ত্রায়তাং নরকার্ণবাৎ। কৌশিক উবাচ। শক্রমম ত্বং ভগিনি কথমেবং বিধং বচঃ। রাজ্যং যস্যাঃ প্রসাদেন সা কথং দীয়তে ঽধুনা॥ বুধাষ্টমী চ মে মাতা পিতা চৈব বুধাষ্টমী॥ সা কথং দীয়তেঽস্মাভির্ভগ্নি ত্বং চ বিমর্ষি চ গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং বিজয়েঽধুনা। ততঃ সা পুনরাবৃত্য যমায়াকথয়ৎ স্বয়ং। ন দত্তা স মম ভ্রাতা মাতৃস্নেহং বিসৃজ্য চ। বদস্ব কারণং দেব যেন সা বৈ প্রমুচ্যতে। যম উবাচ।

যোঽপরশ্চাপ্যুপায়োস্তি তং কথাং শৃণু তৎপরা। ভদ্রে প্রভাকরো নাম দ্বিজোঽস্তি মথুরাপুরে॥ ব্রাহ্মণী গৌতমী তস্য গর্ভকষ্টৈঃ প্রপীড্যতে। ন প্রসূতে হি সা তত্র দুঃখং প্রাপ্নোতি সর্ব্বদা॥ গচ্ছ ভদ্রে প্রযত্নেন নীয়তাঞ্চ বুধাষ্টমীং। কৃত্বা গোপালিকাবেশং গচ্ছ তং বিজয়েঽধুনা॥ বদস্ব কারণং তাস্তু প্রসবং কারয়াম্যহং। যদি মে দীয়তে ভদ্রে বুধাষ্টমীব্রতং কৃতং॥ বুধাষ্টমীব্রতং সা বৈ যদা তে দাস্যতি স্বয়ং। তদাস্যাঃ প্রসবার্থং বৈ প্রদাস্যামি জলৌষধং॥ যেন সা মন্ত্রপূতেন গর্ভকষ্টং বিমুচ্যতে। তস্মাৎ শীঘ্রং সমাগচ্ছ গোপালীবেশমাবহ। তচ্ছ্রুত্বা সা চ বিজয়া শীঘ্রং তত্রাগমৎ স্বয়ং। তস্যা দ্বারঞ্চ সংপ্রাপ্য ব্রাহ্মণ্যাগর্ভবেদনৈঃ॥ মন্ত্রৌষধিমহং জানে প্রসবে কুশলা স্বয়ং। সা চ তদ্বচনং শ্রুত্বা ব্রাহ্মণী প্রাহ দুঃখিতা। দেহি গোপালিকে শীঘ্রং প্রসবং কারয়স্ব মাং॥ বিজয়োবাচ। বুধাষ্টমীব্রতং মেঽদ্য যদি দাস্যসি শোভনে। তদা দাস্যাম্যহং সর্ব্বং মণিমন্ত্রমহৌষধং॥ ব্রাহ্মণ্যুবাচ। গচ্ছ গোপালিকে শীঘ্রং উন্মত্তেব প্রজল্পসি। নৈবং ধর্ম্মং প্রদাস্যামি প্রাণান্তে চ বুধাষ্টমীং॥ গোপালিকোবাচ। জীবিতে লভতে ধর্ম্মং জীবিতে চ ধনং লভেৎ। জীবিতে চ গৃহাবস্তং তস্মাৎ জীবনমুত্তমং॥ একং দত্ত্বা লভস্কে-তজ্জীবিতং শৃণু শোভনে। শ্রুত্বৈতদ্গোপিকা বাক্যং মনসা পরিভাব্য চ। জীবিতে সর্ব্বমাপ্নোতি ব্রতেনৈকেন কিং মম। ইতি সংভাব্য মনসা ব্রাহ্মণী জীবিতাশয়া॥ তস্যৈ প্রাদাৎ ব্রতফলং বুধাষ্টমী-

সমুদ্ভবং। ততো গোপালিকা প্রাদাৎ সা প্রাপ্য বিপুলং সুখং॥ ব্রাহ্মণী প্রসবার্থং বৈ মন্ত্রৌষধি জলং নৃপ। ব্রাহ্মণী সা চ প্রসূবে তৎক্ষণাৎ পুত্রমুত্তমং॥ ততঃ সা বিজয়া রাজ্ঞী নিজমন্দিরমাগতা। দদৌ-পিতৃভ্যামানীতং বুধাষ্টমীফলং ততঃ॥ দেবদেহং চ তৌ ধৃত্বা আরুহ্য চ বিমানকং। বুধাষ্টমী প্রভাবেন পত্নৌ স্বর্ণময়ং॥ ইত্যেতৎ কথিতং রাজন্ বুধাষ্টমীব্রতং শুভং। ইহৈব বাঞ্ছিতং প্রাপ্য মৃতঃ স্বর্গং যথ প্রয়াং। নারী বা পুরুষো বাপি কুরুতে শ্রদ্ধয়ান্বিতঃ। তস্য সর্ব্বং প্রনশ্যেত্তু পাপং জন্মশতার্জ্জিতং॥ শতঞ্চ কপিলাদানং কন্যাদানশতং তথা। কৃত্বা যৎফলমাপ্নোতি তৎসর্ব্বঞ্চ বুধাষ্টমীং॥ বাপীকূপসহস্রস্য সমাগ্নত্তস্য যৎফলং। তৎফলং লভতে মর্ত্ত্যো ভক্ত্যা কৃত্বা বুধাষ্টমীং॥ ব্রহ্মস্বহরণং পাপং মহাপাতকজং কৃতং। তৎসর্ব্বং নাশয়েদ্ভূপ-বুধাষ্টমীব্রতাৎ ব্রতী॥

॥ * ॥ ইতি ব্রহ্মাণ্ডপুরাণে বুধাষ্টমীব্রতং সমাপ্তং॥ ॥ * ॥

সাবধান ! সাবধান !

পুস্তকের নাম ও আমার ঠিকানা ভুলিবেন না। বহুদিন হইতে মৎপ্রকাশিত পুস্তক সকলের বহুতর পণ্ডিত দ্বারা সংশোধন পূর্ব্বক বারম্বার মুদ্রাঙ্কণ নিবন্ধন বিশেষ সমাদর ও বিক্রয়াধিক্য দেখিয়া দুই একখানি ভ্রমপূর্ণ আংশিক নকল পুস্তক হইতেছে কিন্তু কেবল মূল্য সুলভ দেখিয়া ধর্ম্মপুস্তক ক্রয় করা উচিত নহে, উহাতে ধর্ম্ম ও অর্থনষ্ট উভয়ই হইয়া থাকে, উহা বটতলার নামান্তর, সন্তার দুরবস্থা চিরপ্রসিদ্ধ। কর্ম্মঠ অথচ অধ্যাপক ভিন্ন কর্ম্মকাণ্ডের উপদেশ অপর ব্যক্তির অভ্রান্ত হইতে পারে না এবং ঐ শাস্ত্রানভিজ্ঞ উপদেশদাতা ও শ্রদ্ধাহীন উপদেশ গৃহীতা উভয়ই নরকগামী হইবেন, ইহাই শাস্ত্রের আদেশ। এরূপ টীকা টীপ্পনী ও অনুবাদাদিযুক্ত বিশুদ্ধ ও বিস্তারিত এবং সর্ব্বাপেক্ষা বৃহৎ অবয়বের পুস্তক আর নাই। এক্ষণে ইহা সর্ব্বাপেক্ষা সুলভও করিয়াছি এই সুলভ মূল্যেও লইতে যিনি প্রকৃত অক্ষম তিনি পত্র দ্বারা জানাইলে পুনশ্চ বিবেচনা করিব। একখণ্ডই পরীক্ষা দেখুন,

বিশেষ বিজ্ঞাপন।—শাস্ত্রীয় গ্রন্থের বহুল প্রচার জন্য সাধারণকে জানাইতেছি। যে কোন শাস্ত্রীয় পুস্তকের প্রয়োজন হইলে আমাদিগকে পত্র লিখিয়া জানাইলে নিজে তত্ত্বাবধান করিয়া, যত্নপূর্ব্বক সুলভ মূল্যে পুস্তক পাঠাইয়া থাকি, প্রতারিত হইবার সম্ভব নাই। উত্তরের প্রয়োজন থাকিলে ডবল কার্ডে পত্র লিখিবেন। আমাদিগের প্রেসে সর্ব্বপ্রকার ছাপার কার্য্য সুলভে ও সত্বর সম্পাদন হয়।

শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য।
কলিকাতা,—পোষ্ট বরাহনগর, পালপাড়া—চতুষ্পাঠী।